কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে
সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
Source: Average Issue Readership, IRS 2019 Q3

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765

কলকাতা পুলিশে
কনস্টেবল
প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর ...পৃঃ ৬

বর্ষ ৪৩ সংখ্যা ২ | কলকাতা | বুধবার, ৩ অগস্ট ২০২২/১ | বাঙালির কর্মজীবনের প্রবেশপথ | ১৮ শ্রাবণ ১৪২৯ | দাম ৪.০০ টাকা | ১৬ পাতা | R. N. 37120/80

### আই বি পি এস-এর মাধ্যমে

## রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে কয়েক হাজার প্রবেশনারি অফিসার

দেশের রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলিতে কয়েক হাজার প্রবেশনারি অফিসার/ম্যানেজমেন্ট ট্রেনি নিয়োগ করা হবে। এই পদে নিয়োগের জন্য যোগ্যতামান যাচাইয়ের কেন্দ্রীয় পরীক্ষা 'কমন রিক্রুটমেন্ট প্রসেস ফর রিক্রুটমেন্ট অব প্রবেশনারি অফিসার্স/ম্যানেজমেন্ট ট্রেনিজ ইন পার্টিসিপেটিং ব্যাঙ্কস' নেওয়া হবে চলতি বছরের অক্টোবর-নভেম্বর মাসে। পরীক্ষার আয়োজক ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন (আই বি পি এস)। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র রয়েছে।

রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে প্রবেশনারি অফিসার/ম্যানেজমেন্ট ট্রেনি পদে নিয়োগের লক্ষ্যে এই পরীক্ষা নেওয়া হবে। অন্তত কত স্কোর থাকলে আবেদন করা যাবে তা নির্দিষ্ট করে দিতে পারে নিয়োগকারী ব্যাঙ্ক। এরপর সংশ্লিষ্ট ব্যাঙ্ক প্রয়োজন অনুসারে গ্রুপ ডিসকাশন, ইন্টারভিউ প্রভৃতির মাধ্যমে চূড়ান্ত ভাবে প্রার্থী বাছাই করবে। অনলাইন পরীক্ষায় সফলদের একটি স্কোর কার্ড দেবে আই বি পি এস।

এই সংখ্যার কর্মক্ষেত্র ছাপতে যাওয়া পর্যন্ত এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য প্রকাশিত হয়নি। প্রার্থীদের সুবিধার্থে আগাম এই খবর জানানো হল।

সাধারণত যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট হলেই আবেদন করা যায়।

**বয়স:** নির্দিষ্ট তারিখে ২০ থেকে ৩০ বছরের মধ্যে হতে হয়। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, প্রতিবন্ধীরা ১০ বছর ও প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পেয়ে থাকেন।

**পরীক্ষার ধরনধারণ:** অনলাইন পরীক্ষা নেওয়া হয় দু'পর্যায়ে—প্রিলিমিনারি ও মেন। প্রিলিমিনারি পরীক্ষায় প্রশ্ন করা হয় এই সব বিষয়ে: ইংলিশ ল্যাঙ্গুয়েজ, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, রিজনিং এবিলিটি। বিষয় প্রতি সময়সীমা ২০ মিনিট। এই পরীক্ষায় পাশ করলে মেন পরীক্ষার জন্য বিবেচিত হবেন। মেন পরীক্ষায় প্রশ্ন হয় এই সব বিষয়ে: রিজনিং অ্যান্ড কম্পিউটার অ্যাপ্টিটিউড, জেনারেল/ইকনমি/ব্যাঙ্কিং অ্যাওয়্যারনেস, ইংলিশ ল্যাঙ্গুয়েজ, ডেটা অ্যানালিসিস অ্যান্ড ইন্টারপ্রিটেশন, ডেস্ক্রিপটিভ ইংলিশ-লেটার রাইটিং অ্যান্ড এসে। মোট সময়সীমা ৩ ঘণ্টা ৩০ মিনিট।

নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি ভুল উত্তরের জন্য অতিরিক্ত এক-চতুর্থাংশ

এরপর আটের পাতায়

## সেনাবাহিনীতে ১৯১

১৯১ জন ইঞ্জিনিয়ারিং গ্র্যাজুয়েট নেওয়া হবে ভারতীয় সেনাবাহিনীতে। ৬০তম শর্ট সার্ভিস কমিশন (টেকনিক্যাল) মেন কোর্স এবং ৩১তম শর্ট সার্ভিস কমিশন উইমেন (টেকনিক্যাল)কোর্সে (এপ্রিল ২০২৩) ট্রেনিং দিয়ে নিয়োগ করা হবে বিভিন্ন ইঞ্জিনিয়ারিং শাখায়। এ ছাড়া ১টি শূন্যপদ রয়েছে নন-টেকনিক্যাল শাখায়।

৬০তম শর্ট সার্ভিস কমিশনের (টেকনিক্যাল) মাধ্যমে টেকনিক্যাল বিভাগে পুরুষদের ১৭৫টি শূন্যপদ পূরণ করা হবে। নিয়োগ হবে বিভিন্ন শাখায়। শাখা অনুসারে শূন্যপদের বিন্যাস: সিভিল ৪৯টি। কম্পিউটার সায়েন্স ৪২টি। ইলেক্ট্রিক্যাল ১৭টি। ইলেক্ট্রনিক্স ২৬টি। মেকানিক্যাল ৩২টি। মিসলেনিয়াস ৯টি। শুধুমাত্র অবিবাহিত ছেলেরা আবেদন করতে পারবেন।

৩১তম শর্ট সার্ভিস কমিশনের (টেকনিক্যাল) মাধ্যমে টেকনিক্যাল বিভাগে মহিলাদের ১৪টি শূন্যপদ পূরণ করা হবে। নিয়োগ হবে বিভিন্ন শাখায়। শাখা অনুসারে শূন্যপদের বিন্যাস: সিভিল ৩টি। কম্পিউটার সায়েন্স ৫টি। ইলেক্ট্রিক্যাল

এরপর নয়ের পাতায়

## সরকারি প্রতিষ্ঠানে ১১৩ অ্যাপ্রেন্টিস

ফিটার, ইলেক্ট্রিশিয়ান, টার্নার-সহ বিভিন্ন ট্রেডে ১১৩ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে রাজা রামান্না সেন্টার ফর অ্যাডভান্সড টেকনোলজি। এটি কেন্দ্রীয় সরকারের আণবিক শক্তি দপ্তরের অধীনস্থ একটি প্রতিষ্ঠান। প্রশিক্ষণের মেয়াদ ১ বছর। প্রশিক্ষণ চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: RRCAT-5/2021.

এরপর দুয়ের পাতায়

## কলকাতায় রিলায়েন্স রিটেলে অফিসার

**নিজস্ব প্রতিনিধি:** কলকাতায় বেশ কিছু এরিয়া লস প্রিভেনশন অফিসার নিয়োগ করবে রিলায়েন্স রিটেল লিমিটেড। নিয়োগ হবে কলকাতায় রিলায়েন্সের রিটেল কেন্দ্রগুলিতে।

রিটেল কেন্দ্রগুলির নানা সামগ্রীর সুরক্ষা, অনলাইন ও অফলাইন আর্থিক লেনদেনের মধ্যে কোনওরকম ফাঁকফোকর থাকলে তা খুঁজে বের করা ও সমস্যার সুরাহা করা, কেন্দ্রের সামগ্রিক নিরাপত্তা ব্যবস্থা নিশ্ছিদ্র করে তোলাই লস প্রিভেনশন বিভাগের অফিসারদের দায়িত্ব। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: CT-Kolkata (60704613) বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ ২৯ জুলাই, ২০২২।

গ্র্যাজুয়েট ও পোস্ট গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। নানা ধরনের সুরক্ষা-সংক্রান্ত কাজে অন্তত ৪ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। সংস্থা ও ক্রেতা-সুরক্ষা বিষয়ে আগ্রহ এই পেশার ক্ষেত্রে প্রয়োজনীয় গুণ হিসেবে বিবেচিত হবে।

অনলাইন দরখাস্ত করার জন্য প্রথমে ইউজার আইডি, ই-মেল অ্যাড্রেস ও পাসওয়ার্ড দিয়ে লগ ইন করতে হবে এই ওয়েবসাইটে: https://careers.ril.com এরপর শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা এবং অন্যান্য প্রয়োজনীয় তথ্য উল্লেখ করে দরখাস্ত করতে হবে। নির্দিষ্ট জায়গায় বায়োডেটা আপলোড করবেন। বিজ্ঞপ্তিতে দরখাস্ত করার জন্য নির্দিষ্ট তারিখের উল্লেখ নেই। আগ্রহীরা যত দ্রুত সম্ভব আবেদন করবেন। তথ্যের জন্য দেখবেন উপরোক্ত ওয়েবসাইট।

## রাষ্ট্রীয় কেমিক্যালসে ৩৯৩

### তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

৩৯৩ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে রাষ্ট্রীয় কেমিক্যালস অ্যান্ড ফার্টিলাইজার্স। এটি কেন্দ্রের কেমিক্যালস অ্যান্ড ফার্টিলাইজার্স মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে ট্রেনিং হবে গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস, টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস এবং ট্রেড অ্যাপ্রেন্টিস ক্যাটেগরিতে। ট্রেনিং হবে মুম্বইয়ের ট্রম্বে ও রায়গড় জেলার থলে। ট্রেনিংয়ের মেয়াদ ১২ থেকে ২৪ মাস। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে।

**ক্যাটেগরি অনুসারে আসন বিন্যাস: গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস: অ্যাকাউন্টস এক্সিকিউটিভ:** ৫১টি। **শিক্ষাগত যোগ্যতা:** বি কম। সেই সঙ্গে বি বি এ। ইকনমিক্সে স্নাতক ডিগ্রি থাকলেও আবেদন করা যাবে। **কোর্সের মেয়াদ:** ১৩ মাস।

এরপর তিনের পাতায়

SEBA INSTITUTE OF NURSING
Recognized by Govt. of W.B, Affiliated by WBNC & INC
Bolpur (Santiniketan), Birbhum- 731236



পশ্চিমবঙ্গে নার্সিং কোর্সে পড়াশুনা করিয়ে মেয়েদেরকে নিজের পায়ে দাঁড়াতে শেখান
GNM -এ ভর্তি
B.Sc. Nursing চলছে
* Course Fee কম এবং কোনো লুকানো Fee বা অতিরিক্ত খরচ নেওয়া হবে না।
* Student Credit Card এর মাধ্যমে ভর্তির সুবিধা। * আমাদের কলেজ ক্যাম্পাস 80,000 বর্গফুট। * শান্তিনিকেতনের মতো শান্ত পরিবেশে কলেজ। * কলেজের মধ্যে Hostel এর সুবিধা সহ ভালো খাবার এবং ঠান্ডা ও গরম জলের ব্যবস্থা আছে।
* INC নিয়ম অনুয়ায়ী শিক্ষাগত যোগ্যতা প্রয়োজন।
যোগাযোগ : বল্লভপুর, বোলপুর (শান্তিনিকেতন), বীরভূম
M: 8927925499 / 8250433066

### কলকাতা পুরসভায়

## সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার

সিভিল এবং ইলেক্ট্রিক্যাল শাখায় ৪৯ জন সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার নেবে কলকাতা পুরসভা। প্রার্থী বাছাই করবে ওয়েস্ট বেঙ্গল মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন।

**শূন্যপদের বিবরণ: সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার: সিভিল:** ৪২টি (সাধারণ ১, সাধারণ-দৈহিক প্রতিবন্ধী ৩, তফসিলি জাতি ১১, তফসিলি উপজাতি ১৯, ও বি সি-বি ৮)। শিক্ষাগত যোগ্যতা: সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 8 of 2022.

**ইলেক্ট্রিক্যাল:** ৭টি (সাধারণ-দৈহিক প্রতিবন্ধী ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ২, ও বি সি-বি ১)। শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 10 of 2022.

বয়স: ১-১-২০২২ তারিখে ৩৭ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির

এরপর দুয়ের পাতায়

### রাষ্ট্রীয় কেমিক্যালসে

## ম্যানেজমেন্ট ট্রেনি

বিভিন্ন ইঞ্জিনিয়ারিং শাখায় ২৮ জন ম্যানেজমেন্ট ট্রেনি নেবে রাষ্ট্রীয় কেমিক্যালস অ্যান্ড ফার্টিলাইজার্স। এটি কেন্দ্রের কেমিক্যালস অ্যান্ড ফার্টিলাইজার্স মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। নিয়োগ করা হবে কেমিক্যাল, মেকানিক্যাল, বয়লার, সিভিল ও ইনফর্মেশন টেকনোলজি শাখায়। প্রথমে ১ বছরের ট্রেনিং। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড পাওয়া যাবে। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে।

**শাখা অনুসারে শূন্যপদ: পোস্ট কোড MTCHEM/032022: কেমিক্যাল:** ১৪টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ৩টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ কেমিক্যাল শাখায় ৪ বছরের বি ই বা বি টেক বা বি এসসি ইঞ্জিনিয়ারিং। অথবা

এরপর তেরোর পাতায়

## উপার্জনের দিশা দেখাচ্ছে আমুক্তিকার নতুন প্রকল্প

**সমাজসেবামূলক কাজের সঙ্গে যুক্ত সংস্থা আমুক্তিকা মূলত ফেলে দেওয়া জিনিস থেকে রিসাইকল পদ্ধতিতে উৎপাদন করে রুচিশীল, পরিবেশবান্ধব এবং নানা সামাজিক অনুষ্ঠানে উপহার দেওয়ার মতো সামগ্রী। এই সংস্থায় স্বল্প সময়ের প্রশিক্ষণ নিয়ে স্বাধীন ভাবে এই সব পণ্য বিক্রি করে উপার্জন করতে পারেন।**


গাছের বীজ-সহ রাখি


গাছের বীজ


৪ ইঞ্চি টেরাকোটার চিত্রিত পট


কাগজের ব্যাগ

**নিজস্ব প্রতিনিধি:** যাঁরা স্বল্প পুঁজি নিয়ে, স্বাধীন ব্যবসা করে উপার্জনের কথা ভাবছেন তাঁরা যুক্ত হতে পারেন আমুক্তিকা অ্যান্ড জেড ডব্লিউ আই ইকোলজিকাল সলিউশন ট্রাস্ট-এর সঙ্গে। বিশেষ করে বেকার যুবক-যুবতী, ছাত্রছাত্রী ও গৃহবধূদের নিখরচায় প্রশিক্ষণ দিয়ে স্বাধীন ভাবে উপার্জনের পথ দেখাচ্ছে এই সংস্থা।

### আমুক্তিকার পরিচয়

২০১৫ সালে জুয়েলারি রিসাইক্লিং দিয়ে আমুক্তিকার পথ চলা শুরু। বিভিন্ন সমাজসেবামূলক কাজের সঙ্গে যুক্ত হয় এই সংস্থা। প্রথম থেকেই উদ্দেশ্য ছিল পরিবেশবান্ধব জিনিস তৈরি করা। তার মধ্যে অন্যতম জিরো ওয়েস্ট রিসাইকল। ফেলে দেওয়া জিনিস থেকে মানুষের ব্যবহার্য সামগ্রী তৈরি। এ কাজে সমাজের প্রান্তিক মানুষ, দুঃস্থ

এরপর আটের পাতায়

# কর্মক্ষেত্র

## শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

### কর্মখালি

**Require B. Arch/Dip. Arch/** Draftsman/Dip. Civil/Accountant/ Manager having 5-10 yrs experience in respective field at Madhyamgram.cacon.resume@ gmail.com

□

**সুবর্ণ সুযোগ সরকারি/বেসরকারি Pvt** হাসপাতালে চাকুরি পদ যোগ্যতা অনুযায়ী Salary 10400/- 69100/-. M. 98364-03256.

□

**MNC আশীর্বাদ পেপসি অন্নপূর্ণা ডাবর** এ সুপারভাইজার পিওন রিশেপসনিস্ট ব্যাঙ্ক অফিস পদে ৪৫ জন male/ female চাই। বেতন-13k-45k. 70446-88993. □

**Pvt ব্রিটানিয়া আমুল আশীর্বাদ** কোলগেট বিস্কফার্ম ইমামি DSA-তে ম্যানেজার TC/Peon রিশেপসনিস্ট স্টোরকিপার 35জন চাই। ESI PF OT বেতন 13k-40k 89614-99989.

□

**কন্ট্রাক্টরের অধীনে এয়ারপোর্টে** যাত্রীদের খাবার প্যাকিং-এর জন্য ও অফিসিয়াল পদে কর্মী চাই। বেতন 17850-38270 এক্স আর্মিদের বিশেষ ছাড় আছে। M. 83458-98575.

□

**এয়ারপোর্টে কন্ট্রাক্টরের অধীনে ও** Bank DSA-তে বিভিন্ন পদে male/ female কর্মী চাই। বেতন 17500-52600+ থাকা খাওয়া Ex আর্মিদের বিশেষ সুবিধা আছে। M. 75968-31900.

□

**Reqd: 1) Accountant with** computer+English knowledge 10000/- pm 2) Watchman with good health, 10000/- pm. Mr. Saha, 203 S.B Rd. Kol-29, 98365-41649, 79809-03708.

□

**ব্যাঙ্ক DSAতে চাকুরি 20টি জেলায়** বন্ধন ব্যাঙ্ক DSA-তে Male/Female নিয়োগ হচ্ছে। 8th-স্নাতক বেতন 14600-61700/- Ex আর্মীদের বিশেষ সুযোগ। 74391-77398.

□

**Teachers wanted. Trained &** Qualified Teachers required for Pre-Primary-Mother Teachers (Female Only) & TGT/PGT for all Subjects. Kamalava Super Model School, Lakshmikantapur, 24 Pgs. (S). Ph: 99326-55655.

□

**সোনারপুর কামালগাজি-তে ফ্যামিলি** সেলুনে হেয়ার ড্রেসার, বারবার চাই। সত্বর যোগাযোগ করুন। M- 98746-43059.

□

**100% Indian Co, office at** Kolkata Reqd Sr. Managerial Retired/VRS from any Institutions, Age: 35-70. HS+. M: 98368-17587/90512-40825.

□

**অবসরপ্রাপ্তদের সত্বর নিয়োগ।** কলকাতার স্বনামধন্য Co.-তে Govt/ Pvt থেকে Retd/VRS-দের Manager-পদে পার্টটাইম কাজের সুযোগ Salary+PF. Tisa- 82505-16162.

□

**Book.Com এ বাড়ি বসে হাতে লিখে/** Comp টাইপ/ফর্ম ফিলাপ করে সপ্তাহে 6000 - মাসে 30000 আয় (আসা যাওয়ার প্রয়োজন নেই)। 70036-88074/89024-48939.

□

**B.Com Tally Latest version age** within 35 years exp. Real Estate area Tangra. 98301-97162. heri.sis11@gmail.com

□

### কর্মখালি

**20টি জেলায় বন্ধন ব্যাঙ্ক (DSA)-তে** বিনা ডোনেশনে Male/Female নিয়োগ চলছে। (৮ম - স্নাতক) বেতন 14600-62200. Ex-Army-দের ছাড়। M: 83368-72369.

□

**অবসরপ্রাপ্তদের সম্মানের সাথে** পুনঃনিয়োগ। কলিকাতার স্বনামধন্য Co তে নির্দিষ্ট মাসিক আয়ে অফিস জবে Retd/VRS from Govt/Pvt 45-65 yrs Flexible Timing যোগাযোগ: 82405-99190.

□

**নিজ জেলায় বন্ধন ব্যাঙ্ক (DSA)-তে** কর্মী নিয়োগ। যোগ্যতা অষ্টম - স্নাতক। বেতন 14500/- - 58500/-. Ex-আর্মীদের জন্য বিশেষ ছাড় আছে। M: 91348-54418.

□

**এমজিএমআই এর সেক্টর ফাইভ স্থিত** কার্যালয় পরিচালনার জন্য উপযুক্ত কার্যালয় অধীক্ষক চাই। একত্রিত বেতন-মাসিক ৩০০০০ টাকা সাকুল্যে। সঠিক প্রার্থীর জন্য বেতন আলোচনা সাপেক্ষ। বিশদ জানতে এমজিএমআই ওয়েবসাইট www.mgmiindia.in দেখুন।

□

**Required young good Looking** Lady Receptionist for Sodepur Office Date of Interview 02/08/ 2022 (12-3) PM Mobile: 99076-31759.

□

**গুজরাটে স্থিত ফ্যাক্টরিতে আই.টি.আই** পাস করা ওয়েল্ডার/গ্যাস কাটার/ ফিটার দরকার Rs.500 / দিন + থাকা+ খাওয়া। ফোন করুন 98310-35863.

□

**Dental Assistant required age** within 30 years, Science Graduate preferred. Call: 98361-47341 (5-8 pm).

□

**ঘরে বসে নো টার্গেটে স্পট পেমেন্টে** একা/দুজনে বই কপি, ফর্ম ফিলাপ করে সপ্তাহে 12000 আয় অফিসে এসে/বাই পোস্টে কাজ পাবেন। 82760-07237/ 91633-97166.

□

**India's renowned design firm is** looking for 'Project Manager' specialization on luxury residential interior projects with minimum 7-8 years experience with good communication skill & MS office, apply to contact@ abindesignstudio.com

□

**টেলিকম 4G কোং SMS/জব** পুরুষ/মহিলা ঘরে বসে রোজগার 18000-45000/- মাসে ল্যাপটপ+ মোবাইল ফ্রি। নাম+ঠিকানা Call/ WApp/SMS 91638-03441, 91638-02209.

□

**SBI Govt ব্যাঙ্কে Kol/জেলাভিত্তিক** স্মার্ট বাংলাভাষী SF-MA (18-36) ছেলে/মেয়ে শীঘ্র নিয়োগ। বেতন 13284/-+PF+ESI হাওড়া-70449-16924 গড়িয়া-82829-16972 কেস্টপুর-89813-31204.

□

**Retd/VRS-কোলইন্ডিয়া ইন্ডিয়ান** অয়েল এবং আর্মিদের জন্য পার্টটাইম ম্যানেজার পদে রোজগারের সুযোগ। উচ্চ আয়। বয়স 45-64 HS+অফিসে বসে কাজ। রায়-82401-86797.

□

**Required Teachers of Eng. Eco.** Maths, Psychology (all Masters & B.Ed) a Librarian for Rammohan Mission High School (ICSE) in South Kolkata. Freshers may also apply. Email: rmmhs.45@gmail.com

□

**Wanted experience sales person** for Baguihati/ EM bypass/ New Town. Time 07 am to 01 pm. Mail-doodhwalajunction.hr@gmail.com

□

### কর্মখালি

**Urgent Joining Reputed Co.** looking for VRS/Retd/Housewife/ professional (Age 35-70) Consulted for Supervisory Role. Call-82407-13895.

□

**Job urgent vacancy at IIHT** Kolkata - Telecaller (Fresher Experienced) and Counselor. CV to: itjobkol@gmail.com/ M-90882-42456.

□

**অবসরপ্রাপ্ত গড/Pvt/গৃহবধূ/ব্যবসায়ী** কর্মপ্রার্থীদের/25-75 PartTime কাজের সুযোগ ভারতের বৃহত্তম Co.Kol অফিসে বার্ষিক আয় 4-6Lac+PF+ ESI+Tour 93305-42821.

□

**Central Govt Recognized Co** looking for VRS/Retd/Housewife/ Consultant HS+ (Age 25-65) for Supervisor Post in Kolkata. Call 85838-76118.

□

**PartTime Job Opportunity in a** Kol Based MNC for Retd/VRS/ Housewife/Businessman Age 35-70, Graduate. Salary+PF+ESI. Call-99038-35702.

□

**Experienced Center In Charge,** faculty, student mobilizer & Counselor needed for paramedical training center at Madhyamgram. E-mail resume: hr.vigrah@gmail.com / Call: 93317-75192/ 86977-17972.

□

**Req. a Female Exe. Assistant with** knowledge of MS Excel and follow ups at Hind Textile Marketing Strand Road Brabourne Road Cross Kolkata-700 001. Contact- 62028-64965.

□

**Reqd Sales Executive for** Jewellery Showroom 2yrs experience graduate, Salary 10,000-13,000 p.m. Send CV admin@benudbeharidutt.com 82407-56193.

□

**Required senior accountant** experienced in Tally Inventory, GST, TDS, PF, and ESI for Garment Company. send CV: mahesh@niomoda.com

□

**আসানসোলের কাছে মাইথন ড্যামে** একটি সুপ্রতিষ্ঠিত হোটেলে ন্যূনতম 5 বছরের (computer জানা ও হোটেল পরিচালনার) অভিজ্ঞতা সম্পন্ন হোটেল ম্যানেজার প্রয়োজন। 98303-64841 Mail- connectme7777@gmail.com

□

**A leading Diagnostic Chain** invites Marketing Professionals for Sodepur & Konnagar Centres. Mail CV at clinichealthpoint@ gmail.com

□

**কলকাতা বৌবাজার জুয়েলারী** দোকানের জন্য সেলস পার্সন, অ্যাকাউন্ট্যান্ট (কম্পিউটার জানা) প্রয়োজন। দীপক দত্ত: 98746-10366.

□

**Reqd Sisters (Nurses), ICU** Technician and Marketing Personnel with min 5 yrs exp and Diagnostic Typist. Upkar Nursing Home-90881-05414, 90889-96677.

□

**Reputed Indian Co reqd. Mngr/** Telecaller. Retd/VRS/Housewife 25-70 Part/Full Time High Incentive No Target+Other Benefit 70039-37136.

□

**Reqd Accountant & Sales Exe.** for reputed Pharma Company at South Kolkata. Apply with photo to debcopharma@yahoo.co.in M-99033-19960.

□

### কর্মখালি

**Urgent require experienced** Storekeeper with Computer handling knowledge for our Steel Foundry Unit, Experience 5 years, Job Location- Chinsurah, Hooghly. Candidate should come from Hooghly district. Salary negotiable. Urgent apply CV with photograph within 15 days. Email : kpe1990hwh@gmail.com

□

**Trophy Junction requires** experienced male/female person for Sales and Marketing. Salary 25000 pm+incentives. Mail at appointment4marketing@gmail.com

□

**বিখ্যাত MNC-তে ট্রেনিং ও** মোটিভেশনের জন্য স্থায়ী ম্যানেজার পদে 25+নিয়োগ। 6 Lakh p.a. Fixed salary+PF. Retired/গৃহবধূ স্বাগত। Call-98741-39992.

□

**দমদম G. M. Engg. এ Structural** কাজের জন্য Mig ও Arc welder, grinder দরকার। Immediate contact: 98309-85541 gmengineering@ gmail. com

□

**Ideal Public School, Howrah** requires Teachers, P.R.O., Office Staff, Lab./Lib. Asst. Candidates applying should be fluent in English. Send your C.V. at idealpublicschoolkul@gmail.com

□

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ৬ অগস্ট দুপুর ২টো পর্যন্ত।

□□□

১৭ অগস্টের কর্মক্ষেত্রর জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১৩ অগস্ট দুপুর ২টো পর্যন্ত।

### কলকাতা পুরসভায় সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার

*প্রথম পাতার পর*

প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। বেতনক্রম: পে-লেভেল ১২ অনুসারে।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা ও পার্সোন্যালিটি টেস্টের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mscwb.org দরখাস্ত সাবমিটের শেষ তারিখ ৬ অগস্ট। ফি বাবদ অনলাইনে দিতে হবে ২০০ টাকা (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে প্রসেসিং চার্জ বাবদ ৫০ টাকা)।

দরখাস্তের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য আগ্রহীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### কর্মখালি

**DIRECT JOINING BANK AIRPORT**

Govt. RNO-5468 পঃ বঙ্গ-সহ উঃ বঙ্গে বিনা ডোনেশনে সমস্ত জেলায়, Bank-এ ও এয়ারপোর্টে M/F ৮ম-স্নাতক কর্মী চাই। বেতন: 18,100/- – 45,400/-, থাকা খাওয়া ফ্রী, Ex আর্মীর বিশেষ ছাড়। M: 94345-66797.

□

**আর্জেন্ট ভ্যাকান্সি**

মেডিসিন ড্রাইফুড বিস্কুট কোং-তে প্যাকিং ও লেবেলিং কর্মী চাই। বেতন: 11,200/- – 16,500/-, OT + বোনাস। M: 83278-79970.

□

**প্রাইভেট ব্যাঙ্কে জেলাভিত্তিক স্থায়ী জব**

L/c No.- KOL-WB50C97 পঃ বাংলার বিভিন্ন প্রান্তে প্রাঃ ব্যাঙ্কে Back Office এছাড়া বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে 93 জন M/F জেলাভিত্তিক নিয়োগ করানো হচ্ছে। Salary 16,500/- – 26,700/- MP-স্নাতক Age: 18-41, ছুটি, বোনাস, ESI, PF, এছাড়া অন্যান্য সুবিধা। M: 73843-33014.

□

**D গ্রুপে নিয়োগ**

বিনা ডোনেশনে Bank ও এয়ারপোর্টে ৮ম-স্নাতক M/F কর্মী নিয়োগ চলছে। বেতন: 18,600/- – 45,700/-. PF, ESI, বোনাস-সহ থাকা খাওয়া। Ex Army স্বাগত। M: 94776-23974.

□

**URGENT JOINING**

বিনা ডোনেশনে Airport ও ব্যাঙ্ক-এ অষ্টম-স্নাতক M/F নিয়োগ। বেতন: 18,200/- – 47,600/-, PF, ESI, OT, বোনাস-সহ থাকা খাওয়া ফ্রী। Try IT-যোগাযোগ: 89024-75357.

□

**সামান্য কাজের বিনিময়ে উচ্চ আয়।** Govt-Retd/VRS (35-64, HS+)-দের পার্টটাইম অফিসিয়াল পদে নিয়োগ চলছে। অমল: 98316-74368.

□

### কর্মখালি

**সরাসরি কর্মী নিয়োগ**

প্রতিটি জেলায় Pvt Co-তে ফুড লেবেলিং, ATM গার্ড S.V ও শপিং মলে Male চাই। বেতন 13K-22K. M-78727-52502.

□

**আবাসিক শিক্ষক-শিক্ষিকা চাই**

**উচ্চমাধ্যমিক স্তরের ইংরেজি ও বিজ্ঞান** বিভাগের জন্য আবাসিক শিক্ষক-শিক্ষিকা চাই। কোনও আবাসিক মিশনারী স্কুলে কাজ করে থাকলে অগ্রাধিকার। সমস্ত ডকুমেন্টের পি. ডি. এফ. পাঠাতে পারেন হেল্পলাইন নাম্বারে বা ই-মেইলে। নাবাবীয়া মিশন- একটি উচ্চমানের আদর্শ আবাসিক শিক্ষা প্রতিষ্ঠান, মইনান, খানাকুল, হুগলি-৭১২ ৪০৬। হেল্পলাইন: ৯৭৩২৩-৮১০০০, ই-মেইল: nababia mission786@gmail.com

□

**দমদমের একটি শিক্ষা প্রতিষ্ঠানে** কম্পিউটার জানা মহিলা অফিস কর্মী চাই। আপনার CV এই নম্বরে WhatsApp করুন: M: 90627 56906.

### স্কুল-কলেজ শিক্ষা

**সরকারি চাকরির দরকারি প্রস্তুতি CACES-এ**

আমাদের ৩টি পরীক্ষিত কোর্স (a) WB CS, (b) SLST (PT) ও (c) CPTP (Comb)। এই কোর্সগুলিতে সাফল্যের দোরগোড়ায় পৌছতে এক বৎসর ব্যাপী নিবিড় ও সুকৌশলভিত্তিক প্রশিক্ষণ আবশ্যক। সকলপ্রকার প্রস্তুতি সহায়তায় আপনাদের পাশে CACES, 2/80, দমদম রোড (দমদম জংশন স্টেশনের কাছে GTR গেটের বিপরীতে) Kol-74, M: 90627 56906/91238 46235.

□

**ANM নার্সিং ট্রেনিং (2 Yrs)**

**Approved by BSS Govt. of India,** Internship করে নামকরা নার্সিংহোম ও হসপিটালে কাজ করার সুনিশ্চিত সুবিধা। Hostel Available. Global Technical Institute, বেলেঘাটা, ফুলবাগান। 92315-51285/92301-13485.

### পাঠকের প্রতি

**কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।**

**DISCLAIMER**
**SWARNAKSHAR PRAKASANI PVT. LTD.**
**assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.**

## সরকারি প্রতিষ্ঠানে ১১৩ অ্যাপ্রেন্টিস

*প্রথম পাতার পর*

আসনসংখ্যার বিবরণ: ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেকট্রিক) ৩টি, ফিটার ১৫টি, মেশিনিস্ট ৬টি, টার্নার ৮টি, ড্রাফটসম্যান (মেকানিক্যাল) ৩টি, মেকানিক রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং ৪টি, ইলেক্ট্রিশিয়ান ১০টি, ইলেক্ট্রনিক্স মেকানিক/ইনস্ট্রুমেন্ট মেকানিক/মেকানিক কনজিউমার ইলেক্ট্রনিক্স/মেকানিক ইন্ডাস্ট্রিয়াল ইলেক্ট্রনিক্স/মেকানিক পাওয়ার ইলেক্ট্রনিক্স ১৫টি, ইলেক্ট্রোপ্লেটার ৩টি, কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট ৩টি, সেক্রেটারিয়াল অ্যাসিস্ট্যান্ট ১৪টি, ডেটা এন্ট্রি অপারেটর ১৫টি, ড্রাইভার-কাম-মেকানিক (লাইট মোটর ভেহিক্‌ল) ৪টি।

শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই কোর্স পাশ। সেক্রেটারিয়াল অ্যাসিস্ট্যান্ট ট্রেডের ক্ষেত্রে স্টেনোগ্রাফার অ্যান্ড সেক্রেটারিয়াল অ্যাসিস্ট্যান্ট বা সেক্রেটারিয়াল প্র্যাকটিস ট্রেডে আই টি আই পাশ প্রার্থীরা আবেদন করতে পারেন।

২০১৯-এর আগে আই টি আই পাশ করে থাকলে আবেদন করবেন না।

জন্মতারিখ হতে হবে ১৫-১১-২০০০ থেকে ১৪-১১-২০০৪-এর মধ্যে। স্টাইপেন্ড: প্রতি মাসে ১১,৬০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে মেধার ভিত্তিতে।

প্রথমে প্রার্থীকে অ্যাপ্রেন্টিস হিসেবে রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.apprenticeshipindia.gov.in এরপর অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিংয়ের জন্য আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.rrcat.gov.in আবেদনের শেষ তারিখ ১৭ অগস্ট।

আবেদনের সময় আপলোড করতে হবে এই সব নথি:

✓জন্মের শংসাপত্র। ✓মাধ্যমিকের মার্কশিট ও সার্টিফিকেট। ✓আই টি আইয়ের মার্কশিট ও ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট। ✓আধার কার্ড। ✓প্রার্থীর রঙিন পাসপোর্ট মাপের ফটো। ✓প্রার্থীর সই। ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে)। ✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট।

প্রতিটি নথি হতে হবে ৩০০ কেবি সাইজের মধ্যে।

আবেদনপত্র যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিট করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## গান্ধীনগরের ফ্যাশন টেকনোলজিতে অ্যাকাউন্টস অ্যাসিস্ট্যান্ট, জুনিয়র অ্যাসিস্ট্যান্ট ও ল্যাব অ্যাসিস্ট্যান্ট

১৯ জন অ্যাকাউন্টস অ্যাসিস্ট্যান্ট, জুনিয়র অ্যাসিস্ট্যান্ট ও ল্যাব অ্যাসিস্ট্যান্ট নেবে গান্ধীনগরের ন্যাশনাল ইনস্টিটিউট অব ফ্যাশন টেকনোলজি। এটি কেন্দ্রের বস্ত্র মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। প্রার্থীদের নিয়োগ করা হবে প্রতিষ্ঠানের গান্ধীনগর ও সুরাট শাখায়।

**শূন্যপদের বিন্যাস: জুনিয়র অ্যাসিস্ট্যান্ট:** ৮টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **ল্যাব অ্যাসিস্ট্যান্ট:** ৮টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, ও বি সি ২)। **অ্যাসিস্ট্যান্ট (অ্যাকাউন্টস):** ৩টি (সাধারণ ২, ও বি সি ১)।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://nift.ac.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১৩ অগস্ট। শিক্ষাগত যোগ্যতা, প্রার্থী বাছাই প্রক্রিয়া ও আবেদনের পদ্ধতি-সহ খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## বার্নপুর সেইল হসপিটালে নার্সিং ট্রেনিং

২৭ জন নার্সকে দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ দেবে বার্নপুর স্টিল প্লান্ট হসপিটাল। এটি স্টিল অথরিটি অব ইন্ডিয়ার অধীনস্থ একটি সংস্থা। প্রশিক্ষণের মেয়াদ দেড় বছর। প্রশিক্ষণ চলাকালীন স্টাইপেন্ড ও ভাতা পাওয়া যাবে। প্রার্থী বাছাই করা হবে ১৬ অগস্ট, ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর 22-23/Hospital/05.

**শিক্ষাগত যোগ্যতা:** উচ্চমাধ্যমিক। সেই সঙ্গে স্বীকৃত প্রতিষ্ঠান থেকে বি এসসি (নার্সিং) বা জেনারেল নার্সিং ও মিডওয়াইফারিতে ডিপ্লোমা কোর্স পাশ।

**বয়স:** ১-৮-২০২২ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

**স্টাইপেন্ড:** নির্দিষ্ট মাসিক ৮,০০০ টাকা। সেই সঙ্গে ক্লাসে উপস্থিতির হার অনুসারে মাসিক ভাতা দেওয়া হবে।

প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে। ওয়াক-ইন-ইন্টারভিউয়ের তারিখ ১৬ অগস্ট (মঙ্গলবার), সকাল ৯টা। পরীক্ষাকেন্দ্রের ঠিকানা: Confluence, Opp. to Burnpur Post Office, Near Bharti Bhawan, P.O. Burnpur -713325, DT: Paschim Bardhaman, West Bengal.

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.sail.co.in আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে প্রার্থীর রঙিন পাসপোর্ট মাপের একটি ফটো সেঁটে দেবেন এবং ফর্মের নির্দিষ্ট স্থানে সই করবেন।

### ওয়াক-ইন-ইন্টারভিউতে সঙ্গে নিয়ে যাবেন

✓১ কপি রঙিন পাসপোর্ট মাপের ফটো।
✓জন্মতারিখের প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল।
✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল।
✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
✓আধার কার্ড বা প্যান কার্ড বা ভোটার কার্ডের স্বপ্রত্যয়িত নকল।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## রাষ্ট্রীয় কেমিক্যালসে ৩৯৩ তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

*প্রথম পাতার পর*

**সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট:** ৬৯টি। **শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক। ইংরেজিতে জ্ঞান থাকতে হবে। **কোর্সের মেয়াদ:** ১৫ মাস।

**রিক্রুটমেন্ট এক্সিকিউটিভ (এইচ আর):** ৩০টি। **শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক। ইংরেজিতে জ্ঞান থাকতে হবে। **কোর্সের মেয়াদ:** ১৪ মাস।

**টেকনিশিয়ান (ডিপ্লোমা) অ্যাপ্রেন্টিস: কেমিক্যাল:** ৩০টি। **সিভিল:** ৬টি। **কম্পিউটার:** ৬টি। **ইলেক্ট্রিক্যাল:** ২০টি। **ইনস্ট্রুমেন্টেশন:** ২০টি। **মেকানিক্যাল:** ২৮টি। **শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা। **কোর্সের মেয়াদ:** ১২ মাস।

**ট্রেড অ্যাপ্রেন্টিস: অ্যাটেন্ড্যান্ট অপারেটর (কেমিক্যাল প্ল্যান্ট):** ৮৫টি। **শিক্ষাগত যোগ্যতা:** ফিজিক্স, কেমিস্ট্রি ও ম্যাথমেটিক্স বা বায়োলজি-সহ স্নাতক। **কোর্সের মেয়াদ:** ১২ মাস।

**বয়লার অ্যাটেন্ড্যান্ট:** ৩টি। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল। **কোর্সের মেয়াদ:** ২৪ মাস।

**ইলেক্ট্রিশিয়ান:** ৪টি। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল। **কোর্সের মেয়াদ:** ২৪ মাস।

**হর্টিকালচার অ্যাসিস্ট্যান্ট:** ৬টি। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল। **কোর্সের মেয়াদ:** ২৪ মাস।

**ইনস্ট্রুমেন্ট মেকানিক (কেমিক্যাল প্ল্যান্ট):** ৩টি। **শিক্ষাগত যোগ্যতা:** ফিজিক্স ও কেমিস্ট্রি-সহ বি এসসি ডিগ্রি। **কোর্সের মেয়াদ:** ১২ মাস।

**ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট (কেমিক্যাল প্ল্যান্ট):** ১৩টি। **শিক্ষাগত যোগ্যতা:** ফিজিক্স, কেমিস্ট্রি ও ম্যাথমেটিক্স বা বায়োলজি-সহ স্নাতক। **কোর্সের মেয়াদ:** ১২ মাস।

**মেশিনিস্ট:** ৬টি। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল। **কোর্সের মেয়াদ:** ২৪ মাস।

**মেইন্টেন্যান্স মেকানিক (কেমিক্যাল প্ল্যান্ট):** ১০টি। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল। **কোর্সের মেয়াদ:** ২৪ মাস।

**মেডিক্যাল ল্যাবরেটরি টেকনিশিয়ান (প্যাথোলজি):** ৩টি। **শিক্ষাগত যোগ্যতা:** ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি-সহ উচ্চমাধ্যমিক পাশ। **কোর্সের মেয়াদ:** ১৫ মাস।

নিয়মানুসারে তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী ও আর্থিকভাবে অনগ্রসর প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত থাকবে।

সবক্ষেত্রেই শিক্ষাগত ক্ষেত্রে প্রার্থীকে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) পেয়ে থাকতে হবে।

**বয়স:** ১-৪-২০২২ তারিখে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

**স্টাইপেন্ড:** শিক্ষাগত যোগ্যতা অনুসারে ৫,০০০ থেকে ৯,০০০ টাকা পর্যন্ত।

শিক্ষাক্ষেত্রে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রাথমিক ভাবে প্রার্থীদের বাছাই করা হবে। নির্বাচিতদের নথিপত্র যাচাই করা হবে।

অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mhrdnats.gov.in (গ্র্যাজুয়েট এবং টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে), http://apprenticeshipindia.org (ট্রেড অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে)। প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। আবেদনের শেষ তারিখ ১৪ অগস্ট। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ৭৫ কেবি সাইজের মধ্যে) ও কালো কালির সই (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ২৫ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

বিশদ জানতে দেখুন এই ওয়েবসাইট: www.rcfltd.com


**स्टील अथॉरिटी ऑफ इण्डिया लिमिटेड**
**STEEL AUTHORITY OF INDIA LIMITED**
**दुर्गापुर इस्पात संयंत्र**
**DURGAPUR STEEL PLANT**

অ্যাডভা: নং ডিএসপি/পিইআরএস-এনডব্লু/আরইসিটিটি/পিটিএন_২০২২_২/২০২২/১১৪৭(এস) তারিখ: ২৭.০৭.২০২২

**ডিএসপি হসপিটাল, এমঅ্যান্ডএইচএস-তে নার্সের প্রফিসিয়েন্সি ট্রেনিং**

দুর্গাপুর স্টিল প্ল্যান্ট (ডিএসপি), স্টিল অথরিটি অফ ইন্ডিয়া লিমিটেড (সেল)-এর একটি ইউনিট, একটি মহারত্ন কোম্পানি কর্তৃক এমঅ্যান্ডএইচএস ডিপার্টমেন্ট অধীন ডিএসপি হসপিটালে "প্রফিসিয়েন্সি ট্রেনিং" নেওয়ার জন্য সরাসরি সাক্ষাৎকারের উদ্দেশ্যে আগ্রহী ও উপযুক্ত যোগ্যতাসম্পন্ন নার্সদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা হচ্ছে। সরাসরি সাক্ষাৎকার ৩০.০৮.২০২২ এবং ৩১.০৮.২০২২ তারিখ দুর্গাপুরে অনুষ্ঠিত হবে।

সরাসরি সাক্ষাৎকারের জন্য নিম্নোক্তগুলি নিয়ে আসতে হবে: উপযুক্ততার শর্ত সম্পর্কিত যাবতীয় প্রাসঙ্গিক কাগজপত্র (মূল + ২ সেট স্ব-প্রত্যয়িত ফটোকপি), ৪টি সাম্প্রতিক পাসপোর্ট সাইজ রঙিন ফটোগ্রাফ। তারা সর্বশেষ ২৯.০৮.২০২২ তারিখের মধ্যে ই-মেল আইডি: rectt.dsp@sail.in-তে ফটোগ্রাফ সহ যথাযথভাবে পূরণ করা স্বাক্ষরিত দরখাস্তের ফর্ম্যাটের স্ক্যান করা কপি পাঠাতে পারেন।

নিম্নোক্তগুলির জন্য আমাদের ওয়েবসাইট www.sail.co.in দেখুন: বিস্তারিত শর্তাবলি এবং দরখাস্তের ফর্ম্যাট ডাউনলোডিং, সেইসঙ্গে স্ব-শংসিত অঙ্গীকার যা সাক্ষাৎকারে হাজির হওয়ার জন্য বাধ্যতামূলক।

রেজিস্টার্ড অফিস: ইস্পাত ভবন, লোদি রোড, নয়াদিল্লি ১১০ ০০৩

*আমাদের সবার জীবনের সঙ্গে জুড়ে আছে সেল*



**ON LINE**
**MBA, BBA,**
**BA, B Com, MA,**
**M Com, BCA, MCA**
**FROM**
**GOVT. UNIVERSITIES**
**(AICTE / UGC RECOGNISED)**

**Earning with Learning + 2yrs JOB Experiences**

**B.Com with Apprenticeship / Internship on JOB Training. From 2nd Year with Salary ₹8,000/- per month - ₹12,000/- per month.**

**Certificate in DIGITAL MARKETING / GST / Computer Accounting**

For Details Contact : G. E. CENTER (Howrah • Hooghly • Durgapur • Guwahati)
8335877777 / 9007170572 / 8017888245



**WBCS-23**
Fresh Batch Class from 18th August, 2022

- SEPARATE TRAINED FACULTY FOR EACH SUBJECT
- BEST STUDY MATERIAL
- STRATEGY SESSIONS, TIME MANAGEMENT AND MENTORSHIP BY WBCS OFFICERS

Free WBCS Seminar / Scholarship Test - 7th August2022

**BANK**
Fresh Batch Class from 30th July, 2022

**SSC**
Fresh Batch Class from 23rd August, 2022

**TET / CTET**
Fresh Batch Class from 14th August, 2022

adda247
A Unit of banker's adda
CAREER POWER™
AN IIT/IIM ALUMNI COMPANY

RISHRA (HOOGHLY) • DURGAPUR

For Details Contact : 8335877777 / 8017888245 / 9007170572

**৯ জুলাই** ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি আচমকাই ভারত, জার্মানি, চেক রিপাবলিক এবং হাঙ্গেরিতে নিযুক্ত কিয়েভের রাষ্ট্রদূতদের বরখাস্ত করলেন। ইউক্রেন প্রশাসনের তরফে এই বরখাস্তের কোনও কারণ জানানো হয়নি। ভারত ইউক্রেনে আগ্রাসন থামানোর কথা বললেও সরাসরি রাশিয়ার বিরুদ্ধে কোনও কথা বলেনি। ইউরোপের যে দেশগুলি থেকে রাষ্ট্রদূতদের সরানো হয়েছে সেই দেশগুলির সঙ্গে শত্রুতা না থাকলেও সম্প্রতি সম্পর্কের কিছুটা অবনতি হয়েছে বলে রাজনৈতিক পর্যবেক্ষকদের অনুমান।

# কারেন্ট অ্যাফেয়ার্স

৯ জুলাই-১৪ জুলাই

## প্রেসিডেন্ট পালাতেই শ্রীলঙ্কায় বিদ্রোহীদের দখলে প্রাসাদ



**৯ জুলাই**: শ্রীলঙ্কায় বিদ্রোহীদের দখলে চলে গেল প্রেসিডেন্টের প্রাসাদ। তার আগেই অবশ্য প্রাণ বাঁচাতে প্রাসাদ ছেড়ে পালালেন প্রেসিডেন্ট গোতাবায়া রাজাপক্ষে। দু'মাস আগে তাঁর দাদা মাহিন্দা রাজাপক্ষে প্রথমে প্রধানমন্ত্রীর পদ ছাড়েন। পরে জনরোষের ভয়ে রাজধানী ছেড়ে সেনা ছাউনিতে আশ্রয় নেন। অর্থ ও জ্বালানির প্রবল সঙ্কটে ধুঁকতে থাকা দ্বীপরাষ্ট্রের জনতা প্রায় পাঁচ মাস ধরে প্রেসিডেন্টের ইস্তফা দাবি করে আসছিলেন। প্রবল জনরোষের সামনে পড়ে প্রেসিডেন্ট পালিয়ে যাওয়ার পর এদিন বিকেলেই প্রধানমন্ত্রী রনিল বিক্রমসিংহে পদত্যাগ করার কথা জানান। তা সত্ত্বেও রাতে তাঁর বাসভবনে ঢুকে আগুন লাগিয়ে দিয়েছেন বিক্ষোভকারীরা। অন্যদিকে, গোতাবায়ার পালিয়ে যাওয়ার খবর প্রকাশ্যে আসার কিছুক্ষণের মধ্যেই দেখা যায় নিরাপত্তা-বেষ্টনী পেরিয়ে হাজার হাজার মানুষ ঢুকে পড়েছেন প্রেসিডেন্টের প্রাসাদ ও সচিবালয়ে।

**ইংল্যান্ডের সঙ্গে টেস্ট সিরিজ ড্র হলেও** তিন ম্যাচের টি-টোয়েন্টি সিরিজের প্রথম দুটি ম্যাচ জিতে সিরিজ হস্তগত করে নিল ভারত। প্রথম টি-টোয়েন্টি ম্যাচে ভারতকে জিতিয়েছিলেন অলরাউন্ডার হার্দিক পাণ্ডিয়া। দ্বিতীয় ম্যাচে জেতানোর বড় ভূমিকা নিলেন বোলাররা। ভারতের ১৭০ রান তাড়া করতে নেমে ইংল্যান্ডের ইনিংস শেষ হয়ে যায় ১২১ রানে। ১৫ রান দিয়ে ৩ উইকেট নিয়ে ম্যাচের সেরা হয়েছেন ভুবনেশ্বর কুমার। দুটি করে উইকেট নিয়েছেন বুমরা এবং যুজবেন্দ্র চহাল।

**১০ জুলাই** শ্রীলঙ্কার প্রতিবাদী মানুষের পাশে থাকার বার্তা দিল ভারত। বিদেশমন্ত্রকের বিবৃতিতে বলা হয়েছে, 'শ্রীলঙ্কার মানুষ যেভাবে গণতান্ত্রিক ও সাংবিধানিক পথে উত্তরণ পাওয়ার চেষ্টা চালাচ্ছেন তাতে ভারত পাশে আছে। ভারত শ্রীলঙ্কার ঘনিষ্ঠ প্রতিবেশী এবং দুদেশের নাগরিক সৌহার্দ্য অনেক গভীর।' সেই সঙ্গে ভারতের বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর আরও যোগ করেন, 'অর্থনৈতিক সঙ্কটে দীর্ণ শ্রীলঙ্কার পাশে আমরা বরাবর থেকেছি। এখনও সাহায্যের চেষ্টা করছি।'

**তৃণমূলের জাতীয় মুখপাত্রদের তালিকায়** অন্তর্ভুক্ত হলেন বাবুল সুপ্রিয়। বাবুল নিজেই টুইট করে এ খবর জানিয়েছেন। তৃণমূলের রাজ্যসভার সচেতক সুখেন্দুশেখর রায়ের নেতৃত্বে দলের জাতীয় মুখপাত্রদের একটি টিম রয়েছে। সর্বভারতীয় বিভিন্ন বিষয়ে দলের অবস্থান জানানোর পাশাপাশি বৈদ্যুতিন সংবাদ মাধ্যমের বিতর্কে অংশ নেন তৃণমূলের ওই টিমের সদস্যরা।

**হাওড়ার ছাত্রনেতা আনিস খানের** মৃত্যুকে সরাসরি খুন বলে উল্লেখ করল না সিট। এদিন আনিসের অপমৃত্যুর মামলায় বিশেষ তদন্তকারী দল (সিট) চার্জশিট পেশ করে। কিন্তু সেখানে খুনের অভিযোগের উল্লেখ নেই। কর্তব্যে গাফিলতির কারণে চার্জশিটে আমতা থানার তৎকালীন ওসি-সহ পাঁচজনকে অভিযুক্ত সাব্যস্ত করা হয়েছে। আনিসের পরিবার জানিয়েছে সিটের তদন্ত কিংবা এই চার্জশিটে তাঁদের কোনও আস্থা নেই। তাঁরা সিবিআই তদন্তের দাবিতেই অনড়।



"যুগ যুগ ধরে বঞ্চিত, উন্নয়ন থেকে দূরে থাকা গরিব, দলিত ও পিছিয়ে থাকা সমাজ, বিশেষ করে নারীরা আমার মধ্যে তাঁদের প্রতিবিম্ব দেখতে পাচ্ছেন।"

**দ্রৌপদী মুর্মু**, ভারতের রাষ্ট্রপতি
দেশের ১৫তম রাষ্ট্রপতি হিসেবে শপথ নিয়ে

**১১ জুলাই** ফরওয়ার্ড ব্লকের রাজ্য কমিটির চেয়ারম্যান ও প্রাক্তন সাংসদ বরুণ মুখোপাধ্যায় (৯০) প্রয়াত হলেন। নেতাজি গবেষক বরুণবাবু বেশ কিছু বই লিখেছেন। সংসদে নেতাজি বিষয়ে বারবার সরব হয়েছেন। তাঁরই উদ্যোগে বিহারের গোমো রেলস্টেশন নেতাজির নামাঙ্কিত হয়েছিল। কর্মজীবনে গ্রন্থাগার তথ্যবিজ্ঞানে শিক্ষকতা করেছেন রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ে। আমৃত্যু তিনি ছিলেন ফরওয়ার্ড ব্লকের কেন্দ্রীয় সম্পাদকমণ্ডলীর সদস্য।

**জাপানের প্রাক্তন প্রধানমন্ত্রী শিনজো** আবের মৃত্যুর পর গোটা দেশ জুড়েই শোকের আবহের মধ্যেই পার্লামেন্টের উচ্চকক্ষের নির্বাচনে বিপুল ভোটে জিতল আবের দল লিবারেল ডেমোক্র্যাটিক পার্টি (এলডিপি)। ১০ জুলাই নির্বাচন হয়। এদিন ফলপ্রকাশের পর দেখা গেল আসন বেড়েছে এলডিপি-র। ভোটে ১২৫ আসনের মধ্যে এলডিপি ও তাদের শরিক কোমেইতো পেয়েছে ৭৬টি আসন। এলডিপি তাদের আসন বাড়িয়ে জোট শরিকের সঙ্গে যৌথ ভাবে উচ্চকক্ষে সংখ্যাগরিষ্ঠতা পাওয়ায় বর্তমান প্রধানমন্ত্রী ফুমিও কিশিদার পক্ষে নীতি নির্ধারণ আরও সহজ হয়ে গেল।

**১৯৯৩-এর মুম্বই বিস্ফোরণে অন্যতম** অভিযুক্ত গ্যাংস্টার আবু সালেমকে ২০৩০-এ মুক্তি দিতেই হবে বলে জানাল সুপ্রিম কোর্ট। কারণ পর্তুগালের আদালতে দীর্ঘ আইনি লড়াইয়ের পর ২০০৫-এর ১১ নভেম্বর সালেমকে ভারতে আনার সময় তৎকালীন কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্রমন্ত্রী লালকৃষ্ণ আডবানির তরফে প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল ভারতের জেলে ২৫ বছর থাকার পর মুক্তি দেওয়া হবে গ্যাংস্টারকে। সিবিআই এই প্রতিশ্রুতি মানার পক্ষে না থাকলেও শীর্ষ আদালত জানিয়ে দেয়, প্রতিশ্রুতি রক্ষা না-করলে পরবর্তীতে ঘোর সমস্যায় পড়বে ভারত।

**১২ জুলাই** বাংলাদেশে ভারতের রাষ্ট্রদূত বিক্রম দোরাইস্বামীর জায়গায় নতুন রাষ্ট্রদূত হিসেবে প্রণয় বর্মার নাম জানাল বিদেশমন্ত্রক। বর্তমান হাইকমিশনার দোরাইস্বামী ব্রিটেনে হাই কমিশনার পদে দায়িত্ব পাচ্ছেন। প্রণয় এর আগে ভিয়েতনামে রাষ্ট্রদূত হিসেবে কাজ করেছেন। বিদেশমন্ত্রকের মতে তিনি মাটির কাছাকাছি থাকা মানুষ। বাংলাদেশের মতো ঘনিষ্ঠ প্রতিবেশী রাষ্ট্রে তাঁর মতো কূটনীতিকের প্রয়োজন আছে।

**ইংল্যান্ডের বিরুদ্ধে প্রথম একদিনের** ম্যাচে যশপ্রীত বুমরার বিধ্বংসী বোলিংয়ে ১১০ রানেই শেষ হয়ে গেল ইংল্যান্ড। ভারত জিতল ১০ উইকেটে। ওভালে বুমরা ১৯ রানে ৬ উইকেট নেন। ইংল্যান্ডের বিরুদ্ধে তাদের মাঠে এই প্রথম কোনও ভারতীয় পেস বোলার ৬ উইকেট নিলেন। ইংল্যান্ডের বিরুদ্ধে এটাই কোনও ভারতীয়ের সেরা বোলিং। ওয়ান ডে-তে সেরা ভারতীয় বোলিংয়ের তালিকায় বুমরা তিন নম্বরে থাকবেন। প্রথম দুই স্থানে স্টুয়ার্ট বিনি (৬-৪ বনাম বাংলাদেশ) এবং অনিল কুম্বলে (৬-১২ বনাম ওয়েস্ট ইন্ডিজ)।

**১৩ জুলাই** সেনাবাহিনীর বিমানে সকলের অলক্ষে দেশ ছাড়লেন শ্রীলঙ্কার বিদায়ী প্রেসিডেন্ট গোতাবায়া রাজাপক্ষে। এর আগে কলম্বোর আন্তর্জাতিক বিমানবন্দর থেকে দুবাই যাওয়ার চেষ্টা করেছিলেন তিনি। কিন্তু অভিবাসন দপ্তরের কর্মীরা তাঁকে ফিরিয়ে দেওয়ায় সেনা সাহায্য নিয়েই দেশ ছাড়লেন জনতার রোষের মুখে পড়া গোতাবায়া। সূত্রের খবর মলদ্বীপের রাজধানী মালে হয়ে সিঙ্গাপুর যাওয়ার কথা তাঁর। পরিস্থিতি সামলাতে গোটা দেশে জরুরি অবস্থা জারি করেন প্রধানমন্ত্রী রনিল বিক্রমসিংহে। দেশ ছাড়ার আগে গোতাবায়া তাঁকেই দেশের অস্থায়ী প্রেসিডেন্টের পদও সামলাতে নির্দেশ দিয়ে গিয়েছেন বলে খবরে প্রকাশ। ক্ষমতার এই হাতবদলে ক্ষুব্ধ জনতা চড়াও হন প্রধানমন্ত্রীর অফিস ও বাসভবনে। পরে জরুরি অবস্থা প্রত্যাহার করতে বাধ্য হন রনিল। তিনি জানান, গণতন্ত্রের বিরুদ্ধে এই ফ্যাসিবাদ বন্ধ হওয়া দরকার। শান্তি-শৃঙ্খলা ফেরাতে যা পদক্ষেপ প্রয়োজন সেটাই করুক সেনা এবং পুলিশ।

**প্রাচীন ও মধ্যযুগের ভারত-ইতিহাস** চর্চার অন্যতম দিকপাল অধ্যাপক বৃজদুলাল চট্টোপাধ্যায় (৮৩) প্রয়াত হলেন। কেমব্রিজ বিশ্ববিদ্যালয়ে গবেষণা করার পর বর্ধমান বিশ্ববিদ্যালয় বা বিশ্বভারতীতে কিছু সময় পড়ালেও তাঁর অধ্যাপনার কয়েক দশক কেটেছে দিল্লির জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর হিস্টোরিক্যাল স্টাডিজে। ২০০৪-এ অবসর নেন। ২০১৪-য় ইন্ডিয়ান হিস্ট্রি কংগ্রেসের সভাপতি হয়েছিলেন। দ্য মেকিং অব আর্লি মেডিয়াভাল ইন্ডিয়া, আর্লি ইন্ডিয়া: আর্কিয়োলজি, টেক্সট অ্যান্ড হিস্টোরিক্যাল ইসুজ, দ্য কনসেপ্ট অব ভারতবর্ষ অ্যান্ড আদার এসেজ এর মতো গবেষণাগ্রন্থ লিখে গিয়েছেন তিনি।

**সুইৎজারল্যান্ডে নিযুক্ত বাংলাদেশের** বর্তমান রাষ্ট্রদূত তথা রাষ্ট্রপুঞ্জে সেদেশের স্থায়ী প্রতিনিধি মহম্মদ মুস্তাফিজুর রহমানকে ভারতে নতুন হাইকমিশনার হিসেবে নিয়োগের সিদ্ধান্ত নিল বাংলাদেশ সরকার। তিনি মহম্মদ ইমরানের স্থলাভিষিক্ত হলেন। মহম্মদ ইমরানকে ভারত থেকে আমেরিকায় বাংলাদেশের নয়া রাষ্ট্রদূত করা হচ্ছে। মুস্তাফিজুর ২০২০ সালের সেপ্টেম্বরে সুইৎজারল্যান্ডের রাষ্ট্রদূত এবং জেনেভায় রাষ্ট্রপুঞ্জের বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি হিসেবে যোগ দিয়েছিলেন। তার আগে তিনি সিঙ্গাপুরে হাইকমিশনার হিসেবে দায়িত্ব পালন করেন।

## অশোক স্তম্ভের উদ্বোধন করলেন মোদী



**১১ জুলাই**: নয়াদিল্লিতে নির্মীয়মাণ নতুন সংসদ ভবনের ছাদে বসানোর জন্য ব্রোঞ্জের তৈরি জাতীয় প্রতীক অশোক স্তম্ভের উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। সরকারি সূত্রে জানা গিয়েছে এর ওজন ৯৫০০ কিলোগ্রাম, উচ্চতা ৬.৫ মিটার। স্তম্ভকে ধরে রাখার জন্য সাড়ে ছ' হাজার কিলোগ্রাম ওজনের ইস্পাতের কাঠামো তৈরি হয়েছে। ক্লে মডেলিং, ব্রোঞ্জ ঢালাই, পালিশ হওয়া-সহ মোট আটটি ধাপে এটি তৈরি করা হয়েছে। তবে অশোক স্তম্ভের প্রতীক সিংহের হিংস্র রূপ নিয়ে নানা মহল থেকেই প্রশ্ন উঠেছে। কারণ সম্রাট অশোক নির্মিত স্তম্ভে সিংহদের শৌর্য প্রকাশিত ছিল, হিংসা নয়।

**কয়লা পাচার মামলার তদন্তে নেমে** ইস্টার্ন কোলফিল্ডস লিমিটেডের প্রাক্তন ও বর্তমান জেনারেল ম্যানেজার-সহ সাত কর্মী ও আধিকারিককে দীর্ঘ জিজ্ঞাসাবাদের পর গ্রেফতার করল সিবিআই। এর আগে ওই মামলায় বিকাশ মিশ্র-সহ বেশ কয়েকজন ব্যবসায়ীকে গ্রেপ্তার করা হয়েছিল। এই মামলাতেই আবার টাকা পাচারের অভিযোগে আলাদা করে তদন্ত করছিল আর এক কেন্দ্রীয় সংস্থা এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি)। বেশ কয়েক দফায় ইসিএলের বর্তমান ও প্রাক্তন কয়েকজন আধিকারিককে দুই তদন্তকারী সংস্থা জেরা করলেও এই প্রথম রাষ্ট্রায়ত্ত সংস্থার কাউকে গ্রেফতার করা হল।

**লোকসভার অধিবেশনে সাংসদদের মুখে** লাগাম দিতে একগুচ্ছ শব্দের উপর নিষেধাজ্ঞা চাপাল নরেন্দ্র মোদী সরকার। সংবাদ সংস্থা জানিয়েছে লোকসভা সচিবালয়ের তরফে এদিন যে অসংসদীয় শব্দের তালিকা দেওয়া হয়েছে, তার মধ্যে রয়েছে 'দুর্নীতিগ্রস্ত', 'জুমলাবাজি', 'খুন সে খেতি', 'কোভিড-স্প্রেডার' থেকে শুরু করে 'দালালি', 'অযোগ্য', 'স্বৈরাচারী', 'বিশ্বাসঘাতক', 'নাটক', 'ভণ্ডামি'-র মতো বহু শব্দ। এই তালিকা থেকে ইতিমধ্যেই ক্ষোভ জানিয়েছেন বিরোধী সদস্যরা।

**১৪ জুলাই** ইস্তফা দিলেন শ্রীলঙ্কার প্রেসিডেন্ট গোতাবায়া রাজাপক্ষে। আগের দিনই শ্রীলঙ্কা থেকে মলদ্বীপ পৌঁছে সেখান থেকে সৌদি এয়ারলাইন্সের বিমানে সিঙ্গাপুর চলে যান গোতাবায়া। সেখান থেকেই শ্রীলঙ্কা সংসদের স্পিকার মাহিন্দা ইয়াপা আবেবর্ধনেকে পদত্যাগপত্র ই-মেলে পাঠান তিনি। পরে সিঙ্গাপুরের শ্রীলঙ্কা দূতাবাস থেকে পদত্যাগপত্রটি কলম্বোয় পাঠানো হয়। উল্লেখ্য, ১৯৪৮-এ স্বাধীনতা লাভের পর থেকে সবচেয়ে খারাপ অর্থনৈতিক পরিস্থিতির মধ্যে দিয়ে যাচ্ছে শ্রীলঙ্কা। প্রধানমন্ত্রী বিক্রমসিংহেও শীঘ্রই পদত্যাগ করবেন বলে জানিয়েছেন। সেক্ষেত্রে নতুন প্রেসিডেন্ট ও প্রধানমন্ত্রী নিয়ে সর্বদল সরকারের পথে এগোচ্ছে দ্বীপরাষ্ট্র।

**এই প্রথম ভারতে মাঙ্কি পক্স আক্রান্তের** সন্ধান মিলল কেরালায়। কয়েকদিন আগেই সংযুক্ত আরব আমিরশাহি থেকে ফিরেছিলেন ওই ব্যক্তি। উপসর্গ দেখে তাঁর নমুনা পাঠানো হয় পুনের গবেষণাগারে। তাঁর মাঙ্কি পক্স ধরা পড়েছে বলে জানিয়েছেন কেরালার স্বাস্থ্যমন্ত্রী বীণা জর্জ। মন্ত্রী জানিয়েছেন, ওই ব্যক্তি বিদেশে এক মাঙ্কি পক্স আক্রান্তের সংস্পর্শে এসেছিলেন। বিশ্ব স্বাস্থ্য সংস্থা 'হু'-এর দেওয়া সংজ্ঞা অনুযায়ী, মাঙ্কি পক্স এমন একটি ভাইরাস যা মানবদেহে সংক্রামিত হয়েছে হনুমানের মতো পশুর থেকে। এর উপসর্গ স্মল পক্সের সঙ্গে মেলে। তবে মাঙ্কি পক্সের প্রভাব স্মল পক্সের মতো ততটা মারাত্মক নয় বলেই জানিয়েছেন বিশেষজ্ঞরা।

## আগামী বছরেই জনসংখ্যায় শীর্ষে ভারত, দাবি রাষ্ট্রপুঞ্জের



**১১ জুলাই**: আগামী বছরের মধ্যেই বিশ্বের সবচেয়ে জনবহুল দেশ হিসেবে চিনকে টপকে ভারত প্রথম স্থানে উঠে আসতে পারে বলে রাষ্ট্রপুঞ্জের প্রকাশিত এক রিপোর্টে দাবি করা হল। বিশ্বের জনসংখ্যা এখন ৭৮৬ কোটির কাছাকাছি থাকলেও, চলতি বছরের ১৫ নভেম্বরের মধ্যে তা ৮০০ কোটিতে পৌঁছে যেতে পারে বলে বিশেষজ্ঞদের ধারণা। তবে বিশ্ব জনসংখ্যা দিবসে প্রকাশিত রাষ্ট্রপুঞ্জের এই রিপোর্টে একটি ইতিবাচক খবরও রয়েছে। সেটি হল বিশ্বের জনসংখ্যা বৃদ্ধির হার এখন ১৯৫০ সালের পর সবচেয়ে কম। জনসংখ্যা বৃদ্ধির হারের এই নিম্নগতিকে স্বাগত জানিয়েছেন রাষ্ট্রপুঞ্জের মহাসচিব আন্তোনিও গুতেরেস।

## উইম্বলডন জিতলেন রেবাকিনা ও জকোভিচ



**৯ জুলাই**: কাজাখস্তানের প্রথম খেলোয়াড় হিসেবে উইম্বলডনে মেয়েদের সিঙ্গলস খেতাব জিতে নজির গড়লেন এলেনা রেবাকিনা। জন্মসূত্রে রুশ হলেও কাজাখস্তান তাঁর টেনিস খেলার সমস্ত খরচ বহন করার প্রস্তাব দেওয়ায় চার বছর আগে কাজাখস্তানের হয়ে প্রতিনিধিত্ব করার সিদ্ধান্ত নিয়েছিলেন এলেনা। প্রথমবার ফাইনালে উঠেই খেতাব জিতলেন তিনি। ফাইনালে ৩-৬, ৬-২, ৬-২ ফলে হারালেন আর এক প্রথমবার ফাইনালে ওঠা টিউনিশিয়ার ওনস জাবেরকে। এর পাশাপাশি ২০১১ সালের পর ২৩ বছর বয়সি এলেনা কনিষ্ঠতম উইম্বলডন চ্যাম্পিয়নের নজিরও গড়লেন। অন্যদিকে, ১০ জুলাই টানা চারবার খেতাব জিতে পিট সাম্প্রাসের ৭ বার উইম্বলডন জয়কে ছুঁয়ে ফেললেন নোভাক জকোভিচ। এদিন অস্ট্রেলিয়ার নিক কিরিয়সকে ৪-৬, ৬-৩, ৬-৪, ৭-৬ (৭-৩) ফলে হারিয়ে ২১তম গ্র্যান্ড স্ল্যামটি জিতে নিলেন তিনি। তাঁর সামনে এখন শুধু রাফায়েল নাদাল (২২)।

## স্কলারশিপের খোঁজখবর

### এইচ ডি এফ সি ব্যাঙ্ক পরিবর্তন ই সি এস স্কলারশিপ ২০২২-২৩

গত তিন বছরে আর্থিকভাবে অনগ্রসর বা পারিবারিক কোনও সংকটের কারণে পড়াশোনা চালিয়ে যেতে অপারগ ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে এইচ ডি এফ সি ব্যাঙ্ক। প্রথম শ্রেণি থেকে স্নাতকোত্তর স্তর পর্যন্ত পাঠরতরা আবেদনের যোগ্য।

**আবেদনের যোগ্যতা:** শেষ দেওয়া পরীক্ষায় মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। মেধার ভিত্তিতে স্কলারশিপ নিতে ইচ্ছুক প্রার্থীদের ক্ষেত্রে বার্ষিক পারিবারিক আয় হতে হবে আড়াই লাখ টাকার নীচে।

**স্কলারশিপের পরিমাণ:** সর্বাধিক ৭৫,০০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/HEC12 আবেদন করা যাবে ৩১ অগস্ট পর্যন্ত।

### দ্য টাটা ক্যাপিটাল পঙ্খ স্কলারশিপ প্রোগ্রাম

ষষ্ঠ শ্রেণি থেকে স্নাতক কোর্সে পাঠরত ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে টাটা ক্যাপিটাল লিমিটেড। আর্থিকভাবে অনগ্রসর ছেলেমেয়েদের এই স্কলারশিপ দেওয়া হবে। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৪ লাখ টাকার নীচে।

**আবেদনের যোগ্যতা:** শেষ দেওয়া পরীক্ষায় মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

**স্কলারশিপের পরিমাণ:** টিউশন ফিয়ের ৮০ শতাংশ খরচ বহন করবে সংশ্লিষ্ট সংস্থা।

আবেদন করতে হবে অনলাইনে। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.b4s.in/karma/TCPS14 আবেদনের শেষ তারিখ ৩১ অগস্ট।

*(তথ্য সহায়তা:* buddy4study*)*

## ইন্ডিয়ান ইনস্টিটিউট অব কেমিক্যাল বায়োলজিতে চাকরি

জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট এবং জুনিয়র স্টেনোগ্রাফার পদে ১৫ জনকে নেবে কলকাতার ইন্ডিয়ান ইনস্টিটিউট অব কেমিক্যাল বায়োলজি। এটি কাউন্সিল অব সায়েন্টিফিক অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিসার্চের অধীনস্থ একটি প্রতিষ্ঠান।

শূন্যপদের বিবরণ: ভ্যাকেন্সি কোড ৫৫০২১০১: **জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট (জেনারেল):** ৮টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, ও বি সি ১)।

ভ্যাকেন্সি কোড ৫৫০২১০২: **জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট (এস অ্যান্ড পি):** ২টি (সাধারণ)।

ভ্যাকেন্সি কোড ৫৫০২১০৩: **জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট (এফ অ্যান্ড এ):** ৩টি (সাধারণ)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক, সঙ্গে কম্পিউটারে টাইপিংয়ে দক্ষ হতে হবে এবং কম্পিউটারের ব্যবহার জানতে হবে। বয়স: ২৮ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: পে-লেভেল ২ অনুসারে।

এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর R&C/550/2021.

ভ্যাকেন্সি কোড ৫৫৫২১০১: **জুনিয়র স্টেনোগ্রাফার:** ৪টি (সাধারণ)। এর মধ্যে ১টি শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত হবে।

শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক, সঙ্গে স্টেনোগ্রাফি জানতে হবে। বয়স: ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: পে-লেভেল ৪ অনুসারে।

এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর R&C/555/2021.

২৪-৮-২০২২ তারিখ অনুসারে প্রার্থীর নির্দিষ্ট বয়স থাকতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। জুনিয়র স্টেনোগ্রাফার পদের ক্ষেত্রে অতিরিক্ত থাকবে স্টেনোগ্রাফি টেস্ট।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://iicb.res.in দরখাস্ত করা যাবে ৪ অগস্ট থেকে ২৪ অগস্ট পর্যন্ত। দরখাস্তের সময় প্রার্থীর ফটো, সই, বাঁ-হাতের বুড়ো আঙুলের ছাপ এবং নির্দিষ্ট বয়ানে নিজের হাতে লেখা একটি ডিক্লারেশন স্ক্যান করে আপলোড করতে হবে।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ১০০ টাকা।

দরখাস্তের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।


DELHI PUBLIC SCHOOL RAMPURHAT
Vill & P.O- Swadhinpur, P.S- Rampurhat, Dist-Birbhum- 731224, W.B. (Under the aegis of The Delhi Public School Society, New Delhi)

RECRUITMENT NOTICE

1. Mother Teacher Pre Primary - (3 Years experience)
2. PGT / TGT - All subjects - (3 years experience)
3. H.M - (7 year experience in school administration)
4. Physical Education (M.P.Ed), Computer (M.C.A) & Librarian (M.Lls), Hostel Warden M/F - (3 Years experience)

* All candidates must be from Convent Background.
* Accommodation will be provided to out station candidates subject to discretion of the management.
* Application comprising of comprehensive resume be sent to careers@dpsrampurhat.org

9090609049, 9090609039 • www.dpsrampurhat.org



AIMIL ANIMAL HEALTHCARE
AIMIL SINCE 1984
WE'RE HIRING
In West Bengal

Purulia | Mednipur (W) | Mednipur (E) | Siliguri
Burdwan | Maldah | Cochbihar | Kolkata

Division: • CATTLE • PET

Designation: • VSE • ABM
Qualification: • Minimum Graduate with Good Communication Skills
Experience: • 2-3 Years for V.S.E • 5-6 Years for A.B.M

Looking for Sharp Enthusiastic and Motivated Team Members...
Send Your Resume at
E-mail : vacancy.vet@aimilpharmaceuticals.com



EMPOWER THE DIGITAL WORLD OF A POWER MAHARATNA
एनटीपीसी NTPC

NTPC Limited is India's largest integrated energy company with installed capacity of 69,134 MW and has presence in the entire value chain of the power generation business. Commensurate with our country's growth challenges, NTPC has embarked upon an ambitious plan to attain a total installed capacity of 130 GW by 2032.

NTPC REQUIRES CHIEF DIGITAL OFFICER

Qualification
BE/ B. Tech, preferably in CS/IT, from a recognized University/Institute

Upper Age Limit
50 Years

Remuneration
Negotiable

Experience Profile
Should have 15 years' experience in implementation of digital products and enhancements of the digital facility based on latest trends.
• Good understanding / experience of advanced technologies, such as the cloud, AI, machine learning, automation, IoT, mobile and social media, etc.
• Identify business/ improvement opportunities and report/recommend proactive measures.
• Lead /coordinate the implementation of key digital initiatives, monitor daily operations.
• Ensure timely and accurate MIS and dashboard reporting.
• Conduct research on evolving market practice to define the most efficient digital solutions. Formulate/develop digital strategies to drive the next generation of digital requirements.
• Assisting in framing policies and procedures for the implementation of digitalization in various forms to create business value.

How to Apply
Interested eligible candidates should log on to our website careers.ntpc.co.in or visit careers section at www.ntpc.co.in for viewing detailed eligibility criteria, tenure of engagement, other terms & conditions and for applying. Only online mode of application will be accepted. Any further addendum/corrigendum/ updates will only be published on our website.

The online application portal will remain open from 28.07.2022 to 11.08.2022

NTPC Limited (A Govt. of India Enterprise)
NTPC Bhawan, Core-7, SCOPE Complex, Institutional Area, Lodhi Road, New Delhi - 110 003 | www.ntpc.co.in
CIN: L40101DL1975GOI007966
Advt. No. 19/22
Leading the Power Sector | Follow us on /ntpc1 /ntpclimited /ntpcltd1 /company/ntpc



JIS UNIVERSITY | JIS GROUP Educational Initiatives

কেরিয়ার গড়ে উঠুক
প্রকৃতির হাতে, প্রযুক্তির সাথে



উচ্চমাধ্যমিক উত্তীর্ণ শিক্ষার্থীদের জন্য JIS UNIVERSITY তাদের পাঠ্যক্রমে নিয়ে এসেছে এক অভিনব সংযোজন। কৃষি প্রযুক্তি বিজ্ঞানের মাধ্যমে দেশের এবং নিজের ভবিষ্যত উজ্জ্বল করার এক সুবর্ন সুযোগ।

Upto 100% Scholarship Available

Accreditations, Affiliations & Approvals: UGC | ICAR | AICTE

ভর্তি চলছে ২০২২

JIS UNIVERSITY
School of Agricultural Sciences
B.Sc কৃষি বিজ্ঞান (অনার্স)
(4 বছর) [ICAR সিলেবাস অনুযায়ী]
62913 20657 | 72783 57829
যোগ্যতা: বিজ্ঞান ও ভোকেশনাল এগ্রিকালচার কোর্সের সাথে উচ্চমাধ্যমিক পাশ

JIS COLLEGE OF ENGINEERING
B. Tech (এগ্রিকালচার ইঞ্জিনিয়ারিং)
(4 বছর) [AICTE দ্বারা স্বীকৃত এবং MAKAUT - এর সাথে সংযুক্ত]
87773 41448 | 84209 34826
যোগ্যতা: পদার্থবিদ্যা, রসায়ন, গণিত / WBJEE/CEE-AMPAI-WB-22 সহ উচ্চমাধ্যমিক পাশ

নিয়োগক্ষেত্র ও সম্ভাবনা
• রাষ্ট্রায়াত্ব ব্যাঙ্ক (ফিল্ড অফিসার, প্রবেশনারি অফিসার, সহকারী)
• কেন্দ্র ও রাজ্য সরকারে বিশেষ আধিকারিক (ADA, ফুড সেফটি, FCI ওয়্যারহাউস কর্পোরেশন, NABARD, FSSAI, উৎপাদন কেন্দ্র সুরক্ষা, ভূমি সংরক্ষণ ইত্যাদি)
• কর্পোরেট ক্ষেত্র, কৃষি-রাসায়নিক, খাদ্য প্রক্রিয়াকরণ, জৈব সার, (বীজ উৎপাদন, মাইক্রোবায়াল সার সংস্থা ইত্যাদি)
• অগ্রণী সমাজকল্যাণমূলক সংস্থায় বিশেষ আধিকারিক
• প্রযুক্তি আধিকারিক / ইঞ্জিনিয়ার (কৃষি-যান্ত্রিক, ট্র্যাক্টর ও পাওয়ার টিলার, কৃষি নির্ভর সংস্থা)
• উচ্চশিক্ষার সুযোগ (M.Sc, Ph.D, ICAR প্রতিষ্ঠানে শিক্ষা ও গবেষণা)
• কৃষি-উদ্যোগী, রাজ্য ও কেন্দ্র সরকারের সহায়তায়

সুবিধা এবং পরিকাঠামো
• বিস্তৃত ক্যাম্পাস, সুসজ্জিত ল্যাবরেটরি ও লাইব্রেরি সহ স্মার্ট ক্লাসরুম
• ট্রাক্টর, পাওয়ার টিলার ইত্যাদি কৃষি সরঞ্জাম দিয়ে সজ্জিত ফার্ম ওয়ার্কশপ
• ফিল্ড প্র্যাকটিস ও গবেষণার জন্য ক্যাম্পাসের অধীনেই বিশাল কৃষিজমি
• বিশেষজ্ঞ শিক্ষকমন্ডলী এবং ভিজিটিং ফ্যাকাল্টি
• কর্পোরেট সেক্টরের সাথে হাতে-কলমে প্রশিক্ষণ ও জাতীয় এবং বহুজাতিক সংস্থায় শিল্প প্রশিক্ষণ (বীজ, সার ও কীটনাশক)
• প্রতিযোগিতামূলক পরীক্ষার জন্য কোচিং-এর সুবিধা
• KVK, ICAR ইনস্টিটিউটে (NDRI, IVRI, আয়ুর্বেদা ইনস্টিটিউট, ইত্যাদি) একাধিকবার কৃষিক্ষেত্র পরিদর্শন
• ছেলে ও মেয়েদের জন্য সুসজ্জিত হস্টেল

PLACEMENT TRAINING FROM DAY 1
Block A, Phase-III, Kalyani - 741235
APPLY NOW
www.jisgroup.org

চাকরির পরীক্ষায় বর্তমান কোচিং

# কলকাতা পুলিশে কনস্টেবল

## নিয়োগের প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. দলত্যাগ বিরোধী আইন সম্পর্কিত আলোচনা সংবিধানের কত নম্বর তফশিলে রয়েছে?
(a) সপ্তম তফশিল (b) অষ্টম তফশিল (c) দশম তফশিল (d) নবম তফশিল
2. সংবিধানের 280 নম্বর ধারায় যে প্রতিষ্ঠানটি গঠনের কথা বলা হয়েছে তা হল:
(a) ভারতের পরিকল্পনা কমিশন (b) আন্তঃরাজ্য কমিশন (c) অর্থ কমিশন (d) কোনওটিই নয়
3. RBI যে সুদের হারে বাণিজ্যিক ব্যাঙ্কগুলিকে ঋণ প্রদান করে তা হল:
(a) CRR (b) SLR (c) ব্যাঙ্ক রেট (d) কোনওটিই নয়
4. সাতটি পরপর সংখ্যার যোগফল 182। বৃহত্তম সংখ্যাটি হবে:
(a) 32 (b) 31 (c) 30 (d) 29
5. পরিচালন পদ্ধতিতে তাপ পরিবাহিত হয়:
(a) কঠিন ও তরল মাধ্যমে (b) কঠিন ও শূন্য মাধ্যমে (c) গ্যাস ও তরল মাধ্যমে (d) শূন্য ও গ্যাস মাধ্যমে
6. হীরকের যে ধর্মের জন্য একটি মূল্যবান রত্নরূপে ব্যবহৃত হয়, তা হল:
(a) খুব কাঠিন্যের জন্য (b) উচ্চ প্রতিসরাঙ্কের জন্য (c) অবক্ষয় প্রতিরোধের জন্য (d) উচ্চ গলনাঙ্কের জন্য
7. পরিবর্তনশীল যোগ্যতাবিশিষ্ট মৌল কোনটি?
(a) সোডিয়াম (b) অ্যালুমিনিয়াম (c) লোহা (d) ক্যালশিয়াম
8. সিরিজটি সম্পূর্ণ করুন:
1331, 729, 343, 125, ?
(a) 21 (b) 25 (c) 64 (d) 27
9. Q-এর মা R -এর বোন এবং M-এর পুত্রবধু। S হল R-এর মেয়ে এবং T-এর বোন। S তাহলে Q-এর কে?
(a) মামাতো/মাসতুতো ভাই (b) মামাতো/মাসতুতো বোন (c) ভাই (d) বোন
10. কোন দেশের অনুসরণে ভারতে পঞ্চবার্ষিকী পরিকল্পনা গৃহীত হয়েছিল?
(a) জাপান (b) USA (c) UK (d) USSR
11. ফজলুল হক ছিলেন বাংলার:
(a) কমিউনিস্ট দলের নেতা (b) সোশালিস্ট দলের নেতা (c) শ্রমিক দলের নেতা (d) কৃষক প্রজা দলের নেতা
12. 4টি সংখ্যার মধ্যে প্রথম তিনটি সংখ্যার গড় 15 ও শেষের তিনটি সংখ্যার গড় 20। যদি শেষ সংখ্যাটি 17 হয় তাহলে প্রথম সংখ্যাটি কত?
(a) 2 (b) 5 (c) 3 (d) 7
13. $\frac{D}{5}, \frac{G}{9}, \frac{J}{14}, \frac{M}{20}, ?$
(a) $\frac{Q}{26}$ (b) $\frac{O}{26}$ (c) $\frac{Q}{27}$ (d) $\frac{P}{27}$
14. উপযুক্ত বর্ণ বসিয়ে শূন্যস্থান পূর্ণ করুন:
prq ___ r ___ m ___ p ___ qm ___ p ___ q ___ rqm.
(a) mpqprmp (b) mpqrpmp (c) mpqrrpm (d) mpqrrmp
15. বেমানান শব্দ চিহ্নিত করুন:
(a) টেবিল (b) চেয়ার (c) বেঞ্চ (d) আসবাব
16. নৌবিদ্রোহে বিদ্রোহী নৌসেনা ও ব্রিটিশ সরকারের মধ্যে কে মধ্যস্থতাকারী ছিলেন?
(a) সর্দার বল্লভভাই প্যাটেল (b) জওহরলাল নেহরু (c) আবুল কালাম আজাদ (d) গান্ধীজি
17. A ও B বার্ষিক 10% সরল সুদে টাকা ধার নেয়। A ও B যথাক্রমে 5 বছর ও 3 বছরে তাদের ঋণ (সুদ-সহ) শোধ করে। দু'জনের শোধকরা টাকার অঙ্ক সমান হলে তাদের ঋণের অনুপাত কত?
(a) 8 : 25 (b) 13 : 15 (c) 8 : 13 (d) 12 : 13
18. ফ্রেন্ডস অব ইন্ডিয়া পত্রিকাটির সম্পদক ছিলেন:
(a) উইলিয়াম কেরি (b) নবগোপাল মিত্র (c) জে সি মার্শম্যান (d) সুরি অম্বা প্রসাদ
19. গণ পরিষদের সর্বশেষ অধিবেশনটি কবে বসে?
(a) 1949 সালের 26 নভেম্বর (b) 1950 সালের 24 জানুয়ারি (c) 1947 সালের 22 জুলাই (d) 1950 সালের 26 জানুয়ারি
20. মহাজাগতিক দূরত্ব পরিমাপের একটি একক হল:
(a) অ্যাংস্ট্রম (b) কিলোমিটার (c) নটিক্যাল মাইল (d) আলোকবর্ষ
21. ক্যাথোড রশ্মির আবিষ্কর্তা কে?
(a) রাদারফোর্ড (b) জে জে থমসন (c) লর্ড কেলভিন (d) ডিরাক
22. সুন্দরবনের প্রবেশদ্বার বলা হয় মাতলা নদীর তীরের কোন শহরকে?
(a) সজনেখালি (b) ক্যানিং (c) খেঁজুরি (d) ডায়মন্ডহারবার
23. ভারতের প্রথম অ-কংগ্রেসী প্রধানমন্ত্রীর নাম কী?
(a) মোরারজি দেশাই (b) চরণ সিং (c) ভি পি সিং (d) অটলবিহারী বাজপেয়ী
24. কোন ভারতীয় শহরকে এশিয়ার রোম বলা হয়?
(a) মুম্বই (b) কানপুর (c) দিল্লি (d) আগ্রা
25. হিমালয়ের কোন শৃঙ্গটি অসমে অবস্থিত?
(a) নামচা বারওয়া (b) জয়ন্তিয়া (c) কারাকোরাম (d) কাঞ্চনজঙ্ঘা
26. 2500-এর 23% – 500 এর 22% = 930 ÷ ?
(a) 2.5 (b) 2 (c) 3 (d) 1.5
27. দু'টি সংখ্যার সমষ্টি 148। যদি একটি সংখ্যার এক তৃতীয়াংশ অপরটির এক সপ্তমাংশের থেকে 8 বেশি হয় তবে ছোট সংখ্যাটি হল:
(a) 71 (b) 72 (c) 70 (d) 73
28. যদি (x – y)-এর 50% = (x + y)-এর 30% হয় তবে y, x-এর কত শতাংশ হবে?
(a) 25 (b) 30 (c) 35 (d) 40
29. কোনও একটি সংখ্যার 88% এবং 55%-এর অন্তর 1485 হলে সংখ্যাটির 45% কত হবে?
(a) 1725 (b) 1625 (c) 1825 (d) 2025
30. দিলীপ একটি রেডিওর প্রকৃত মূল্যের $\frac{3}{4}$ অংশ দাম দিয়ে সেটি কেনে ও প্রকৃত মূল্যের 20% বেশি দামে তা বিক্রি করে। তার লাভ হল:
(a) 20% (b) 45% (c) 60% (d) 75%
31. বিশ্ববিখ্যাত টেনিস তারকা রাফায়েল নাদাল যে দেশের নাগরিক তা হল:
(a) ইউ এস এ (b) স্পেন (c) জার্মানি (d) ফ্রান্স
32. প্রথম কোন এশীয় শহরে অলিম্পিক অনুষ্ঠিত হয়েছে?
(a) বেজিং (b) টোকিও (c) কুয়ালালামপুর (d) ব্যাংকক
33. সঠিক ক্রমে সাজান:
1. সদ্যোজাত 2. প্রাপ্ত বয়স্ক 3. শিশু 4. বৃদ্ধ 5. কিশোর
(a) 1, 3, 4, 5, 2 (b) 1, 3, 5, 2, 4 (c) 1, 2, 3, 5, 4 (d) 1, 5, 3, 2, 4
34. কোন ঘটনার জন্য জলের মধ্যে একটি কাঠি ডোবালে সেটি বাঁকা দেখায়?
(a) আলোর প্রতিফলন (b) আলোর বিচ্ছুরণ (c) আলোর প্রতিসরণ (d) আলোর বিক্ষেপণ
35. বালাঘাট খনি বিখ্যাত যে কারণে:
(a) বক্সাইট উত্তোলনে (b) রুপোর উৎপাদনে (c) লৌহ আকরিকের সঞ্চয় (d) সোনা সঞ্চয়
36. $\sqrt{?} + 416 = 920$-এর 60% – 110
(a) 576 (b) 676 (c) 1024 (d) 1156
37. একটি গাড়ি তার যাত্রাপথের প্রথম 39 কিমি যায় 45 মিনিটে এবং শেষ 25 কিমি যায় 35 মিনিটে। গাড়িটির গড়বেগ কত?
(a) 40 কিমি/ঘণ্টা (b) 4 কিমি/ঘণ্টা (c) 49 কিমি/ঘণ্টা (d) 48 কিমি/ঘণ্টা
38. $\frac{(14.39+3.54)^2+(14.39-3.54)^2}{(14.39)^2+(3.54)^2} = ?$
(a) 3.5 (b) 2 (c) 0.5 (d) 4
39. নীচের কোন দেশের ওপর দিয়েই কেবলমাত্র নিরক্ষরেখা ও ক্রান্তীয় রেখা অতিক্রম করেছে?
(a) আর্জেন্টিনা (b) ব্রাজিল (c) সাউথ আফ্রিকা (d) চিলি
40. হাওয়া মহল কী দ্বারা নির্মিত?
(a) হলুদ বেলেপাথর (b) নীল পাথর (c) লাল ও হলুদ বেলেপাথর (d) সাদা মারবেল
41. BANGLE -এর কোড ELGNAB হলে SANDAL -এর কোড হবে?
(a) LADNSA (b) LANDAS (c) LADNAS (d) LADANS
42. অমর একটি সারির উভয় প্রান্ত থেকে 24তম স্থানে দাঁড়িয়ে আছে। সারিটিতে কত জন আছে?
(a) 46 (b) 49 (c) 47 (d) 48
43. নীচের সারণিতে কতগুলি জোড় সংখ্যা আছে যাদের আগে বিজোড় সংখ্যা ও পরে জোড় সংখ্যা রয়েছে?
5 1 4 7 3 9 8 5 7 2 6 3 1 5 8 6 3 8 5 2 7 4 3 4 9 6
(a) 2 (b) 1 (c) 4 (d) 3
44. যদি '×' এর অর্থ '÷', '+'-এর অর্থ '×', '–'-এর অর্থ '+' এবং '÷'-এর অর্থ '–' হয় তবে $6 \times 2 \div 2 - 4 + 2 = ?$
(a) 0 (b) 4 (c) 10 (d) 9
45. মৃণালিনী সারাবাঈ কোন নৃত্যের জন্য বিখ্যাত?
(a) ওড়িশি (b) কথক (c) ভারতনাট্যম (d) মোহিনী আট্টম
46. নীচের কোন সংরক্ষিত বনভূমিটি পশ্চিমবঙ্গে অবস্থিত নয়?
(a) গোরুমারা (b) মানস (c) সুন্দরবন (d) চাপড়ামারি
47. কংগ্রেসের কোন নেতা নরমপন্থীদের মধ্যে অবস্থান করেও চরমপন্থীদের সমর্থন করেছিলেন?
(a) কেশবচন্দ্র সেন (b) লালা লাজপত রাই (c) উমেশচন্দ্র ব্যানার্জি (d) অশ্বিনীকুমার দত্ত
48. বয়কট ও স্বদেশি আন্দোলনের অন্যতম বৈশিষ্ট্য কী ছিল?
(a) কৃষকদের যোগদান (b) নারীদের যোগদান (c) পুলিশী উদাসীনতা (d) জমিদারদের সহযোগিতা
49. কংগ্রেসী আন্দোলনকে অস্ত্রবিহীন গৃহযুদ্ধ বলেছিলেন:
(a) চার্লস উড (b) থিওডোর বেক (c) রজার স্মিথ (d) লেনপুল
50. মানবদেহের সব থেকে ক্ষুদ্রতম গ্রন্থি কোনটি?
(a) লিভার (b) পিটুইটারি (c) প্লীহা (d) মস্তিষ্ক
51. A 3500 টাকা নিয়ে একটি দোকান খোলে। 5 মাস পর B কিছু টাকা নিয়ে ওই ব্যবসাতে যোগ দেয়। একবছর পর 2 : 3 অনুপাতে A ও B -এর মধ্যে লভ্যাংশ বণ্টন হলে B কত টাকা নিয়ে ব্যবসাতে যোগ দেয়?
(a) 5000 টাকা (b) 7000 টাকা (c) 9000 টাকা (d) 11,000 টাকা
52. যদি A : B = 2 : 3, B : C = 4 : 5 এবং C : D = 3 : 7 হয় তবে A : B : C : D-এর অনুপাতটি হবে:
(a) 8 : 12 : 15 : 35 (b) 8 : 15 : 12 : 35 (c) 12 : 8 : 15 : 35 (d) 12 : 8 : 35 : 15
53. নীচের কোন ভেনচিত্রটি বিচারক, চোর ও অপরাধী এদের মধ্যে সম্পর্ককে নির্দেশ করে?



(a) (b) (c) (d)

নির্দেশ (54 to 56): প্রদত্ত চিত্রটি দেখে লুপ্ত সংখ্যাটি নির্ণয় করুন:

54.




(a) 65 (b) 61 (c) 63 (d) 62

55.




(a) 121 (b) 36 (c) 100 (d) 49

56.

| | | |
|---|---|---|
| 9 | 10 | 8 |
| 7 | 12 | 7 |
| 126 | 19 | ? |
| 2 | 15 | 5 |

(a) 88 (b) 44 (c) 56 (d) 35

এরপর সাতের পাতায়

# ডব্লু বি সি এস প্রিলিমিনারি

## পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

**Direction (1 to 4):** *Improve the underlined part of sentence.*
1. We might have doing something to help you.
(a) having to do (b) has done (c) have done (d) No improvement
2. He to be positively rude.
(a) was being (b) were being (c) being (d) No improvement
3. Sincerity is always appreciated.
(a) enhanced (b) enjoyed (c) waited (d) No improvement
4. The criminal was hung to death.
(a) hunged (b) hang (c) hanged (d) No improvement
**Direction (5 to 7):** *Change the given sentences from active to passive or vice-versa.*
5. The residents celebrated Diwali.
(a) Celebration of Diwali was done by the residents (b) Diwali has been celebrated by the residents (c) Diwali was celebrated by the residents (d) Diwali is celebrated by the residents
6. My last venture undid me completely.
(a) I was completely undone by my last venture (b) I was incompletely undone by my last venture (c) I had not done completely by my last venture (d) I was not being undone completely by my last venture
7. Your promises are to be kept by you.
(a) Promise must be kept by you (b) You are to keep your promise (c) You may keep your promise (d) You should keep your promise
**Direction (8 to 10):** *Out of the four alternatives, choose the one which can be substituted for the given word/sentence.*
8. Government by divine guidance is called:
(a) theocracy (b) episcopacy (c) oligarchy (d) aristocracy
9. A disease affecting many persons at the same time and place is called:
(a) Epidemic (b) Infection (c) Sickness (d) Death
10. A person makes his journey on foot is called:
(a) Pedestrian (b) Walker (c) Rambler (d) Wanderer
**Direction (11 to 13):** *From the given options, choose the most appropriate words to fill in the gaps.*
11. The road is completely ____ by a fallen tree.
(a) closed (b) hindered (c) stopped (d) blocked
12. A hostile crowd tried to ___ the chairman from delivering his speech.
(a) prevent (b) obstruct (c) impede (d) hinder
13. The administrator could not make up his mind about this ____ point.
(a) indecisive (b) vague (c) debatable (d) pointless
**Direction (14 and 15):** *Replace the underlined words with the most appropriate phrasal verb.*
14. Mr. Sen understood what his boss said.
(a) madeup (b) turned up (c) madeout (d) carried out
15. Solve the sum as soon as possible.
(a) Put out (b) Work out (c) Bring out (d) Look over
**Direction (16 to 18):** *Insert proper preposition in the sentence.*

এরপর দশের পাতায়

# চাকরির পরীক্ষায় বর্তমান কোচিং

## কলকাতা পুলিশে কনস্টেবল

### নিয়োগের প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

ছয়ের পাতার পর

57. $12 \times 25 = 21$, $13 \times 27 = 36$ এবং $18 \times 32 = 45$ হলে $27 \times 15 =$ কত?
(a) 48 (b) 52 (c) 54 (d) 58
58. NH-34 যোগাযোগ করে:
(a) কলকাতা থেকে আসানসোল (b) কলকাতা থেকে ঝাড়গ্রাম (c) কলকাতা থেকে শিলিগুড়ি (d) কলকাতা থেকে বনগাঁ
59. জাহাজে কোন যন্ত্রের সাহায্যে দ্রাঘিমা নির্ণয় করা হয়?
(a) সেক্সট্যান্ট (b) হেলিওমিটার (c) কম্পাস (d) ক্রোনোমিটার
60. কোন অ্যাসিডকে রসায়নের রাজা বলা হয়?
(a) সালফিউরিক অ্যাসিড (b) হাইড্রোক্লোরিক অ্যাসিড (c) নাইট্রিক অ্যাসিড (d) ফসফরিক অ্যাসিড
61. অক্টারলোনি মনুমেন্টের বর্তমান নাম কী?
(a) শহীদ মিনার (b) মুম্বাই চার্চ গেট (c) সেন্ট জর্জ ফোর্ট (d) কোনওটিই নয়
62. 'সাত সাগরের পারে' কার আত্মজীবনী?
(a) অমলাশঙ্কর (b) শুভাপ্রসন্ন (c) নবনীতা দেবসেন (d) অমর্ত্য সেন
63. জওহর রোজগার যোজনা শুরু করেন:
(a) জওহরলাল নেহরু (b) রাজীব গান্ধী (c) ইন্দিরা গান্ধী (d) সঞ্জয় গান্ধী
64. অ্যাবেল পুরস্কার কোন সাল থেকে দেওয়া হয়?
(a) 1901 (b) 1897 (c) 1936 (d) 1929
65. মা ও শিশু, গণেশজননী, হস্তী শাবক, রাধাকৃষ্ণ, গ্রাম্যচাষী প্রভৃতি বিখ্যাত চিত্রগুলি কার অমর সৃষ্টি?
(a) নন্দলাল বসু (b) গগনেন্দ্রনাথ ঠাকুর (c) অবনীন্দ্রনাথ ঠাকুর (d) যামিনী রায়
66. দু'টি সংখ্যার ল.সা.গু. তাদের গ.সা.গু-র 12 গুণ। সংখ্যাদ্বয়ের ল.সা.গু. ও গ.সা.গু-র যোগফল 403। একটি সংখ্যা 93 হলে অপর সংখ্যাটি কত?
(a) 120 (b) 124 (c) 116 (d) 112
67. একটি দলের সাতজন ব্যক্তির গড় বয়স 30 বছর। ওই দলের পাঁচজন ব্যক্তির গড় বয়স 31 বছর হলে বাকি দু'জন ব্যক্তির গড় বয়স কত?
(a) 26 বছর (b) 55 বছর (c) 15 বছর (d) 27.5 বছর
68. $1+\cfrac{1}{1+\cfrac{1}{1+\cfrac{1}{9}}}$ -এর মান কত?
(a) $\frac{29}{19}$ (b) $\frac{10}{9}$ (c) $\frac{29}{10}$ (d) $\frac{10}{19}$
69. যদি $\frac{1}{3.718} = 0.2689$ হয় তবে $\frac{1}{0.0003718} = ?$
(a) 2689 (b) 26890 (c) 2.689 (d) 0.2689
70. একটি পরীক্ষায় 70% পরীক্ষার্থী ইংরেজিতে এবং 80% অঙ্কে পাশ করে, কিন্তু 10% উভয় বিষয়ে ফেল করে। যদি 144 জন ছাত্র উভয় বিষয়ে পাশ করে তবে মোট পরীক্ষার্থীর সংখ্যা কত?
(a) 125 (b) 200 (c) 240 (d) 375
71. ভারতীয় সেনাবাহিনীতে অন্তর্ভুক্ত প্রথম ডুবো জাহাজটির নাম কী?
(a) আই এন এস কলবরী (b) আই এন এস দিল্লি (c) আই এন এস বিরাট (d) আই এন এস কলবরি
72. 'এনিগম্যাটোলজি' কীসের সঙ্গে যুক্ত?
(a) পতঙ্গ (b) পোস্ট কার্ড (c) মৌমাছি (d) ধাঁধা
73. কোন প্রচার সংস্থার মূলমন্ত্র 'বহুজন হিতায় বহুজন সুখায়'?
(a) অলইন্ডিয়া রেডিও (b) দূরদর্শন (c) জি টিভি (d) ই টিভি বাংলা
74. কোন বিশ্ববিখ্যাত ভারতীয় পদার্থ বিজ্ঞানী দামোদর ভ্যালি কর্পোরেশনের প্রথম নকশাটি করেন?
(a) বিক্রম সারাভাই (b) প্রশান্তচন্দ্র মহলনবিশ (c) মেঘনাদ সাহা (d) সিভি রমন
75. ভারতের কোন রাজ্যে 'চৌসা' এবং 'দসেরি' আম পাওয়া যায়?
(a) মহারাষ্ট্রে (b) গুজরাত (c) উত্তর প্রদেশ (d) পশ্চিমবঙ্গ
76. একটি সারিতে পাঁচটি বালক বসেছে, পীযুষ ও পরেশের মাঝখানে কাজল এবং রানি ও পীযুষের মাঝে গোপাল বসেছে। কে গোপালের একেবারে দক্ষিণ প্রান্তে বসেছে?
(a) পরেশ (b) পীযুষ (c) রানি (d) কাজল
77. ঝরণা, চায়না, রীনা এবং বিকাশ চার ভাই বোন। চায়না বিকাশের থেকে বড় কিন্তু ঝরণার থেকে ছোট। ঝরনা বিকাশের থেকে বড় কিন্তু সবার থেকে বড় নয়। চায়না, বাবা মায়ের তৃতীয় সন্তান। তাহলে বাবা মায়ের প্রথম সন্তান কে?
(a) ঝরণা (b) বিকাশ (c) চায়না (d) রীণা
78. ভাদু গান ও টুসু পরব পশ্চিমবঙ্গের কোন জেলার বিখ্যাত উৎসব?
(a) বীরভূম (b) পুরুলিয়া (c) বর্ধমান (d) বাঁকুড়া
79. পশ্চিমবঙ্গের কোন স্থানের পূর্বনাম কুমারহট্ট?
(a) কাঁচরাপাড়া (b) চন্দননগর (c) হালিশহর (d) শ্রীরামপুর
80. 'White Hall' কী?
(a) আমেরিকার রাষ্ট্রপতির অফিস (b) আমেরিকার রাষ্ট্রপতির বাসগৃহ (c) স্কটল্যান্ড ইয়ার্ড-এর অফিস (d) ইংরেজ সরকারের অফিস
81. পৃথিবীর দুই দিকে যে গ্রহগুলি অবস্থান করে:
(a) মঙ্গল ও বৃহস্পতি (b) বুধ ও শুক্র (c) মঙ্গল ও শুক্র (d) শুক্র ও শনি
**নির্দেশ (82-83):** *চিত্রটি থেকে নীচের প্রশ্নগুলি উত্তর দিন।*




82. কতজন স্নাতক সমাজসেবী?
(a) 1 (b) 5 (c) 6 (d) 11
83. কতজন স্নাতক পেশাদার?
(a) 12 (b) 7 (c) 1 (d) 3
84. একটি 280 মিটার লম্বা ট্রেন ঘণ্টায় 60 কিমি গতিবেগে যায়। 220 মিটার লম্বা প্ল্যাটফর্ম অতিক্রম করতে ট্রেনটির কত সেকেন্ড সময় লাগবে?
(a) 20 (b) 25 (c) 30 (d) 35
85. একটি এক্সপ্রেস বাসের থেকে একটা ট্রেনের গতিবেগ 30% বেশি। যে রাস্তা যেতে বাসের সময় লাগে 4 ঘণ্টা 20 মিনিট, সেই রাস্তা যেতে ট্রেনটির কত সময় লাগবে?
(a) 3 ঘণ্টা 20 মিনিট (b) 3 ঘণ্টা 10 মিনিট (c) 3 ঘণ্টা (d) 3 ঘণ্টা 30 মিনিট
86. যদি 10 জন পুরুষ বা 15 জন স্ত্রীলোকের একটি কাজ সম্পন্ন করতে 12 দিন সময় লাগে তবে 6 জন পুরুষ এবং 11 জন স্ত্রীলোকের সেই কাজটি শেষ করতে কত সময় লাগবে?
(a) 9 দিন (b) 12 দিন (c) 8 দিন (d) 15 দিন
87. আজ বরুণের জন্মদিন। আজ থেকে 12 বছর আগে তার যা বয়স ছিল তার ঠিক দ্বিগুণ বয়স হবে, আজ থেকে 1 বছর পরে। বরুণের বর্তমান বয়স কত?
(a) 20 বছর (b) 22 বছর (c) 25 বছর (d) 27 বছর
88. দু'টি সংখ্যার ল.সা.গু. ও গ.সা.গু. যথাক্রমে $\frac{4}{5}$ এবং $\frac{1}{5}$ একটি সংখ্যার অন্যোন্যক $6\frac{1}{4}$ হলে অন্য সংখ্যাটি কত?
(a) $\frac{16}{625}$ (b) 1 (c) 25 (d) $\frac{625}{16}$
89. 4 জন লোক প্রত্যহ 7 ঘণ্টা করে কাজ করে 8 দিনে একটি কাজ করতে পারে। প্রতিদিন 8 ঘণ্টা করে কাজ করলে কতজন লোকে সেই কাজটি 4 দিনে শেষ করতে পারবে?
(a) 7 জন (b) 8 জন (c) 9 জন (d) 10 জন
90. একটি সুষম বহুভুজের প্রতিটি অন্তঃকোণের পরিমাপ 144°, বহুভুজটির বাহুসংখ্যা নির্ণয় করুন:
(a) 8 (b) 16 (c) 10 (d) 12
91. নীচের কে ভারতের অন্যতম সুফি সাধক?
(a) মুইনউদ্দিন চিস্তি (b) চৈতন্য দেব (c) রামানুজ (d) কবীর
92. জার্মপ্লাজম মতবাদের প্রবক্তা কে?
(a) ওয়াইস মুলার (b) আইভ্যান প্যাভলক (c) ভাইসম্যান (d) ডারউইন
93. ডায়ালাইসিস পদ্ধতিতে শরীরের কোন অঙ্গের গোলযোগের চিকিৎসা করা হয়?
(a) মূত্রাশয় (b) যকৃৎ (c) পেশি (d) বৃক্ক
94. এক বিক্রেতার কাছে 100 কিলোগ্রাম চাল আছে। কিছু চাল তিনি 8% লাভে এবং বাকি চাল 18% লাভে বিক্রয় করেন। মোটের ওপর তার 14% লাভ হল। তিনি 18% লাভে কত কিলোগ্রাম চাল বিক্রি করেছিলেন?
(a) 600 (b) 700 (c) 520 (d) 410
95. ডিমের দাম 50% বৃদ্ধি পাওয়ায় 24 টাকায় এখন 4টি ডিম কম পাওয়া যায়। এখন প্রতি ডজন ডিমের দাম কত?
(a) 24 টাকা (b) 27 টাকা (c) 36 টাকা (d) 42 টাকা
96. একটি সিডি $12\frac{1}{2}$ % লাভে বিক্রি করা হল। সিডিটিকে যদি 15% লাভে বিক্রি করা হত তাহলে 10 টাকা বেশি লাভ হত। সিডিটির ক্রয়মূল্য কত?
(a) 450 (b) 500 (c) 400 (d) 550
97. এক সাঁতারুর স্রোতের অনুকূলের বেগ 11 কিমি/ঘণ্টা। যদি স্রোতের বেগ 1.5 কিমি/ঘণ্টা হয় তাহলে স্রোতের প্রতিকূলে তার বেগ কত?
(a) 8 কিমি/ঘণ্টা (b) 9.5 কিমি/ঘণ্টা (c) 9 কিমি/ঘণ্টা (d) 6.25 কিমি/ঘণ্টা
98. যে বলের ফলে একটি গাড়িকে ব্রেকের মাধ্যমে থামানো যায়:
(a) অভিকেন্দ্র বল (b) অপকেন্দ্র বল (c) জাড্য (d) ঘর্ষণ বল
99. কোষের শক্তিঘর বলা হয়:
(a) নিউক্লিয়াসকে (b) গলগি বডিকে (c) মাইটোকনড্রিয়াকে (d) রাইবোজোমকে
100. পরবর্তী সংখ্যাটি হল:
1, 2, 9, 4, 25, 6, ?
(a) 51 (b) 49 (c) 50 (d) 47

#### উত্তর

1(c), 2(c), 3(c), 4(d), 5(c), 6(b), 7(c), 8(d), 9(b), 10(d), 11(d), 12(a), 13(d), 14(d), 15(d), 16(a), 17(b), 18(c), 19(b), 20(d), 21(b), 22(b), 23(a), 24(c), 25(a), 26(b), 27(b), 28(a), 29(d), 30(c), 31(b), 32(b), 33(b), 34(c), 35(b), 36(b), 37(d), 38(b), 39(b), 40(c), 41(c), 42(c), 43(a), 44(d), 45(c), 46(b), 47(d), 48(b), 49(b), 50(b), 51(c), 52(a), 53(b), 54(b), 55(d), 56(a), 57(c), 58(c), 59(d), 60(a), 61(a), 62(a), 63(b), 64(b), 65(d), 66(b), 67(d), 68(a), 69(a), 70(c), 71(a), 72(d), 73(a), 74(c), 75(c), 76(a), 77(d), 78(d), 79(c), 80(d), 81(c), 82(c), 83(a), 84(c), 85(a), 86(a), 87(c), 88(b), 89(a), 90(c), 91(a), 92(c), 93(d), 94(a), 95(c), 96(c), 97(a), 98(d), 99(c), 100(b).

#### সমাধান

4(d): ধরি, সংখ্যাগুলি হল x, x + 1, ... (x + 6)
এদের যোগফল = 7x + 21
শর্তানুসারে, 7x + 21 = 182 বা, 7x = 161 ∴ x = 23
∴ বৃহত্তম সংখ্যাটি হবে = (23 + 6) = 29.
8(d): $11^3 = 1331$, $9^3 = 729$, $7^3 = 343$, $5^3 = 125$, $3^3 = 27$.
9(b):




S, Q-এর মামাতো/মাসতুতো বোন।
12(a): প্রথম সংখ্যা + দ্বিতীয় সংখ্যা + তৃতীয় সংখ্যা = 15 × 3 = 45 ... (i)
দ্বিতীয় সংখ্যা + তৃতীয় সংখ্যা + চতুর্থ সংখ্যা = 20 × 3 = 60 ... (ii)
(ii) নম্বর সমীকরণ থেকে (i) নম্বর সমীকরণ বিয়োগ করে পাই,
চতুর্থ সংখ্যা − প্রথম সংখ্যা = 60 − 45 = 15
বা, 17 − প্রথম সংখ্যা = 15 [ চতুর্থ সংখ্যা = 17]
∴ প্রথম সংখ্যা = 2.
13(d):




17(b): ধরি, A ও B-এর ঋণের পরিমাণ x টাকা ও y টাকা
শর্তানুসারে, $x + \frac{x \times 10 \times 5}{100} = y + \frac{y \times 10 \times 3}{100}$
বা, $x + \frac{50x}{100} = y + \frac{30y}{100}$
বা, $x + \frac{x}{2} = y + \frac{3y}{10}$, বা, $\frac{3x}{2} = \frac{13y}{10}$ বা, $\frac{x}{y} = \frac{26}{30}$ বা, $\frac{x}{y} = \frac{13}{15}$
∴ x : y = 13 : 15.
26(b): $\frac{2500 \times 23}{100} - \frac{500 \times 22}{100} = \frac{930}{x}$
বা, $575 - 110 = \frac{930}{x}$, বা, $x = \frac{930}{465} = 2$.
27(b): ছোট সংখ্যাটি x হলে বড় সংখ্যাটি (184 − x)
প্রশ্নানুসারে, $\frac{x}{3} - \frac{1}{7} = (184 - x) = 8$
বা, $\frac{x}{3} + \frac{x}{7} = \frac{184}{7} + 8$ বা, $\frac{10x}{21} = \frac{184 + 56}{7} = \frac{240}{7}$
বা, $x = \frac{240}{7} \times \frac{21}{10} = 72$.
28(a): $(x - y) \times \frac{50}{100} = (x + y) \times \frac{30}{100}$
বা, $\frac{(x - y)}{2} = \frac{3(x + y)}{10}$
বা, 5x − 5y = 3x + 3y বা, $\frac{x}{y} = 4$ বা, $\frac{y}{x} \times 100\% = \left(\frac{1}{4} \times 100\right)\% = 25\%$.
29(d): ধরি, সংখ্যাটি হল = x
x-এর (88 − 55)% = 1485 বা, $x \times \frac{33}{100} = 1485$
বা, $\frac{45x}{100} = \frac{1485 \times 45}{33} = 2025$.
30(c): রেডিওর দাম x টাকা হলে, ক্রয়মূল্য = $\frac{3x}{4}$ টাকা
বিক্রয়মূল্য = $x \times \frac{120}{100} = \frac{6x}{5}$ টাকা।
লাভ = $\frac{\frac{6x}{5} - \frac{3x}{4}}{\frac{3x}{4}} = \frac{\frac{24x - 15x}{20}}{\frac{3x}{4}} = \frac{9x}{20} \times \frac{4}{3x} = \frac{3}{5}$
∴ শতকরা লাভ = $\left(\frac{3}{5} \times 100\right)\% = 60\%$.
36(b): $\sqrt{x} + 416 = \frac{920 \times 60}{100} - 110$
বা, $\sqrt{x} + 416 = 552 - 110$ বা, $\sqrt{x} + 442 - 416 = 26$
∴ x = 676.
37(d): মোট দূরত্ব = (39 + 25) = 64 কিমি
মোট সময় = (45 + 35) = 80 মিনিট = $\frac{4}{3}$ ঘণ্টা
গড় বেগ = $\frac{64}{\frac{4}{3}} = 48$ কিমি/ঘণ্টা।
38(b): ধরি, 14.39 = a, 3.54 = b
$\frac{(a + b)^2 + (a - b)^2}{(a^2 + b^2)} = \frac{2(a^2 + b^2)}{a^2 + b^2} = 2$.
41(c): SANDAL-কে উল্টোভাবে লেখা হয়েছে।
42(c): সারিতে মোট লোকের সংখ্যা = 23 + 23 + 1 = 47 জন।
43(a): 726 এবং 586.
44(d): $6 \times 2 \div 2 - 4 + 2 = 6 \div 2 - 2 + 4 \times 2 = \frac{6}{2} - 2 + 8 = 9$.
51(c): ধরি, B, X টাকা দিয়ে ব্যবসাতে যোগ দেয়
এক্ষেত্রে A-এর 3500 টাকা খাটে 12 মাস ও B-এর টাকা খাটে (12 − 5) = 7 মাস
∴ $\frac{3500 \times 12}{x \times 7} = \frac{2}{3}$
বা, 14x = 3500 × 12 × 3 ∴ $x = \frac{3500 \times 12 \times 3}{14} = 9000$.
52(a): A : B = (2 : 3) × 4 = 8 : 12
B : C = (4 : 5) × 3 = 12 : 15
C : D = (3 : 7) × 5 = 15 : 35
A : B : C : D = 8 : 12 : 15 : 35.
53(b):




সব চোরই অপরাধী কিন্তু বিচারক এদের থেকে আলাদা।
54(b): প্রথম চিত্রে $8^2 + 5^2 - 8 \times 5 = 64 + 25 - 40 = 49$
দ্বিতীয় চিত্রে $12^2 + 6^2 - 12 \times 6 = 144 + 36 - 72 = 108$

এরপর দশের পাতায়

# উপার্জনের দিশা দেখাচ্ছে আমুক্তিকার নতুন প্রকল্প

প্রথম পাতার পর

মহিলাদের যুক্ত করেছে আমুক্তিকা। গড়ে তুলেছে সেলফ হেল্প গ্রুপও। চাইলে যে-কেউ এই সংস্থার জিরো ওয়েস্ট ইন্ডিয়া প্রজেক্টে যুক্ত হতে পারেন। উৎপাদনের পাশাপাশি বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণও দেওয়া হয় আমুক্তিকায়। প্রশিক্ষণ দেওয়ার ব্যাপারে রামকৃষ্ণ মিশনের সঙ্গে যৌথ ভাবে কাজ করছে এই সংস্থা।

## যে-ধরনের কাজ করে সংস্থা

অতিমারির সময় থেকেই এই সংস্থা ক্ষতিগ্রস্ত মানুষের পাশে দাঁড়িয়েছে নিত্যনতুন উপার্জনের দিশা নিয়ে। এতে যেমন ক্ষতিগ্রস্ত মানুষটি আয়ের মুখ দেখেছেন, তেমনই সংস্থাও লাভের মুখ দেখেছে। দু'বছর আগে লকডাউনে কর্মহীন কুমোরদের দিয়ে বিভিন্ন ধরনের মাটির প্রদীপ তৈরি করার উদ্যোগ নিয়েছিল আমুক্তিকা। দুর্গাপুজোর আগেই রঙিন মাটির প্রদীপ, ডিজাইন করা সুগন্ধী মোম দেওয়া প্রদীপ ইত্যাদি পাঁচ থেকে ছয় হাজার বিক্রি হয়েছে। দীপাবলির আগে সংস্থা শুধু কলকাতার বাজারে নয়, প্রদীপের জোগান দিয়েছে বঙ্গের বিভিন্ন জেলায় ও দেশের বিভিন্ন প্রান্তে। নানা স্বাদের হোমমেড চকোলেট তৈরি ও শুকনো খাবার তৈরির প্রকল্পেও ভালো সাড়া পেয়েছে আমুক্তিকা। বড়দিন থেকে ভ্যালেনটাইন দিবস অবধি বিশেষ চাহিদা থাকলেও, সামগ্রিক ভাবে সারা বছরই চকোলেটের চাহিদা থাকে। নিখরচায় প্রশিক্ষণ পেয়ে এই চকোলেট তৈরি করেন সংস্থার কো-অপারেটিভের কর্মীরা। তাঁদের তৈরি চকোলেট ও অন্যান্য শুকনো নিরামিষ খাবার, যেমন নাড়ু, পিঠে, ঠেকুয়া ইত্যাদির চাহিদা থাকে সারা বছর। এছাড়াও দোলযাত্রার আগে ময়দা, অ্যারারুট ও ফুড কালার মিশিয়ে আমুক্তিকা তৈরি করেছে বিভিন্ন রঙের ভেষজ আবির। যার দাম ক্রেতার নাগালের মধ্যেই। সংস্থার কাছ থেকে এইসব পণ্য কিনে যে-কেউ হোলসেলেও বিক্রি করতে পারেন।

## আমুক্তিকার নতুন প্রকল্প

এই মুহূর্তে রাখিবন্ধন, স্বাধীনতা দিবস ও শিক্ষক দিবসকে উপলক্ষ্য করে উপার্জনের নতুন দিশা দেখাচ্ছে আমুক্তিকা। শ্রদ্ধা-ভালোবাসায় মিশ্রিত এইসব সামাজিক উৎসব ছাড়াও জন্মদিন-বিয়ে-বিবাহবার্ষিকীর মতো অনুষ্ঠানে উপহার দেওয়ার জন্য মানানসই পরিবেশবান্ধব গিফট প্যাক বা কম্বো গিফট প্যাকেট তৈরি করেছে এই সংস্থা। এই গিফট প্যাকেটের মধ্যে থাকবে একাধিক উপহার। দামও ক্রেতার আয়ত্তে থাকবে। কিছু কিছু ক্ষেত্রে যত বেশি পরিমাণে উপহার কেনা যাবে তত দাম কম পড়বে, এমন ব্যবস্থাও রয়েছে।

রাখিবন্ধনের কম্বো উপহার প্যাকে আছে গাছের বীজ দিয়ে তৈরি রাখি, এক প্যাকেট গাছের বীজ, একটা নকশা করা টেরাকোটা মাটির টব ও একটি পেপার ব্যাগ। দাম ১০০ টাকা। কেউ চাইলে ২০ টাকা বাড়তি খরচ করে পছন্দসই স্বতন্ত্র স্টিকারও ব্যাগে আটকে নিতে পারেন। শিক্ষক দিবস উপলক্ষ্যে শিক্ষকদের ছাত্রছাত্রীরা অনেক উপহার দেয়। শিক্ষকদের তরফে ছাত্রছাত্রীদের রিটার্ন গিফটের জন্য কম্বো প্যাকে থাকবে দুটো কাগজের কলম, যার সঙ্গে গাছের বীজ দেওয়া হবে এবং একটি বুকমার্ক। দাম ১০ টাকা। এছাড়া আরও নানা দামের কম্বো প্যাক আছে।

অফিস ও শিক্ষাপ্রতিষ্ঠানের জন্য আমুক্তিকা তৈরি করেছে সেমিনার কিট। এর মধ্যে থাকে একটি কাগজের পেন, ১০ পাতার একটি প্যাড, একটি রিসাইকল পেপার ফোল্ডার এবং একটি সার্টিফিকেট। এছাড়া আছে স্বাধীনতা দিবসের উত্তরীয়, জন্মদিনের নানা ধরনের রিটার্ন গিফট, মধু, ব্যাগ, গাছের সার, ইন্ডোর প্ল্যান্ট, ক্লিনিং আইটেম, জ্যাম, কাগজের ব্যাগ, কস্টিউম জুয়েলারি ইত্যাদি।

ছাত্রছাত্রী থেকে স্বাধীন ব্যবসাদার— সকলেই আমুক্তিকার এই প্রকল্পে যুক্ত হতে পারবেন স্বল্প পুঁজি নিয়ে। আমুক্তিকার সহ-প্রতিষ্ঠাতা শুভম দাস জানালেন, 'কী ভাবে, কোথায় এই সব পণ্য বিক্রি করতে হবে, সে বিষয়ে সাত দিনের প্রশিক্ষণ দেওয়া হয় সংস্থার তরফে নিখরচায়। এরপর নির্দিষ্ট পরিমাণ অর্থ সংস্থার কাছে গচ্ছিত রেখে সংস্থার পণ্য বিক্রির জন্য নেওয়া যায়। সংস্থা যে-দামে তাঁকে উৎপাদিত সামগ্রী দেবে সেই দামেই তাঁকে বিক্রি করতে হবে। বিনিময়ে লাভের ১০ শতাংশ বিক্রেতাকে দেওয়া হবে।'

উদাহরণ দিয়ে শুভমবাবু বলেন, 'কেউ পাঁচ হাজার টাকা 'কশান মানি' দিলে আমরা তাঁকে ২৫-৩০ হাজার টাকার পণ্য দেব। তিনি ২৫ হাজার টাকার জিনিস ২৫ হাজারেই বিক্রি করবেন। তা হলে তিনি পাবেন ১০ শতাংশ অর্থাৎ ২,৫০০ টাকা। কাজ করতে করতে তাঁর পরিচিতি বাড়তে থাকবে। স্কুল, কলেজ, বিভিন্ন সংস্থা থেকে অর্ডার পেতে যেমন অসুবিধা হবে না, তেমনই উৎসবের মরসুমেও বিক্রি করতে পারবেন। বিয়ের মরসুমে আমরা প্রচুর পরিমাণে রিটার্ন গিফটের প্যাকেট তৈরি করার অর্ডার পাই। পুজোর আগে প্রদীপ, মোম ইত্যাদি তো আছেই। যাঁদের স্থায়ী দোকান আছে তাঁরা দোকানে এই জিনিসগুলো বিক্রি করতে পারেন, কিন্তু যাঁদের সে উপায় নেই তাঁদের আমরা প্রশিক্ষণ দিই কী ভাবে বিক্রি করতে হবে। কর্মসংস্থান বাড়ানোর পাশাপাশি পরিবেশবান্ধব জিনিস ব্যবহারের সচেতনতা বাড়িয়ে তোলাও আমাদের উদ্দেশ্য।'

**আমুক্তিকা-র সঙ্গে যোগাযোগ:** ৮৯৬১৩-৮১৩৮৯/ ৯৮৭৫৪-৫৮৪০১, ই-মেল: amuktika@gmail.com ওয়েবসাইট: zerowasteindia.info, অনলাইন অর্ডার দেওয়ার জন্য: https://d-amuktika.dotpe.in

# রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে কয়েক হাজার প্রবেশনারি অফিসার

প্রথম পাতার পর

নম্বর কাটা যায়।

পরীক্ষা হবে দেশ জুড়ে বিভিন্ন কেন্দ্রে। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র থাকে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ibps.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। ২২ অগস্ট পর্যন্ত অনলাইন দরখাস্ত করা যাবে।

মনে রাখবেন, দরখাস্ত করার আগে নিজের পাসপোর্ট মাপের একটি সম্প্রতি তোলা রঙিন ফটো (হালকা রং বা সাদা ব্যাকগ্রাউন্ডে তোলা, ২০০×২৩০ পিক্সেলে ২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে), একটি সাদা কাগজে কালো কালির পেনে করা সই (১৪০×৬০ পিক্সেলে ১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে) এবং বাঁ-হাতের বুড়ো আঙুলের ছাপ (২৪০×২৪০ পিক্সেলে ২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) স্ক্যান করে কম্পিউটারে রাখতে হবে। সেইসঙ্গে নিজের হাতে লেখা এই ঘোষণাটিও স্ক্যান করে আপলোড করতে হবে— 'I ____ (Name of the candidate), hereby declare that all the information submitted by me in the application form is correct, true and valid. I will present the supporting documents as and when required.' (৮০০×৪০০ পিক্সেল ডাইমেনশনে, ৫০ থেকে ১০০ কেবি সাইজের মধ্যে)।

অনলাইন দরখাস্ত যথাযথ ভাবে সাবমিট করার পর রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে। পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

পরীক্ষার ফি জমা দিতে হবে অনলাইনে। অনলাইন ব্যবস্থায় ডেবিট কার্ড (রুপে/ভিসা/মাস্টার কার্ড/মায়েস্ট্রো) বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইমিডিয়েট পেমেন্ট সার্ভিস (আই এম পি এস) বা ক্যাশ কার্ড বা মোবাইল ওয়ালেটের মাধ্যমে ফি জমা দেওয়া যায়। ফি জমা দেওয়ার পরে সিস্টেম জেনারেটেড ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন।

বিশদ তথ্য জানতে আগ্রহীরা চোখ রাখুন এই ওয়েবসাইটে: www.ibps.in







# সেনাবাহিনীতে ১৯১

প্রথম পাতার পর

১টি। ইলেক্ট্রনিক্স ২টি। মেকানিক্যাল ৩টি। শুধুমাত্র অবিবাহিত মেয়েরা আবেদন করতে পারবেন।

এছাড়া প্রয়াত সমরকর্মীদের স্ত্রীদের জন্য টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল শাখায় ১টি করে শূন্যপদ রয়েছে।

**শিক্ষাগত যোগ্যতা:** নিম্নলিখিত তালিকা অনুসারে যে-কোনও একটি বিষয়ে ইঞ্জিনিয়ারিং ডিগ্রি থাকতে হবে। সিভিলের ক্ষেত্রে সিভিল ইঞ্জিনিয়ারিং, সিভিল ইঞ্জিনিয়ারিং (স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিং), স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিং, বিল্ডিং ইঞ্জিনিয়ারিং অ্যান্ড কনস্ট্রাকশন, বিল্ডিং অ্যান্ড কনস্ট্রাকশন টেকনোলজি, সিভিল অ্যান্ড রুরাল ইঞ্জিনিয়ারিং, সিভিল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড প্ল্যানিং, সিভিল ইঞ্জিনিয়ারিং (কনস্ট্রাকশন টেকনোলজি), সিভিল অ্যান্ড ইনফ্রাস্ট্রাকচার ইঞ্জিনিয়ারিং, সিভিল টেকনোলজি, কনস্ট্রাকশন ইঞ্জিনিয়ারিং, কনস্ট্রাকশন ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট, কনস্ট্রাকশন টেকনলোজি, কনস্ট্রাকশন টেকনোলজি অ্যান্ড ম্যানেজমেন্ট, জিও ইনফর্মেটিক্স, সিভিল অ্যান্ড এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং, সিভিল ইঞ্জিনিয়ারিং (এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং), সিভিল ইঞ্জিনিয়ারিং এনভায়রনমেন্টাল অ্যান্ড পলিউশন কন্ট্রোল, এনভায়রনমেন্ট ইঞ্জিনিয়ারিং, এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং, এনভায়রনমেন্টাল সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, এনভায়রনমেন্টাল সায়েন্স অ্যান্ড টেকনোলজি, সিভিল ইঞ্জিনিয়ারিং (পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং), এনভায়রনমেন্টাল প্ল্যানিং, আর্কিটেকচার ইঞ্জিনিয়ারিং, আর্কিটেকচারাল ইঞ্জিনিয়ারিং, আর্কিটেকচারাল অ্যাসিস্ট্যান্টশিপ, আর্কিটেকচার অ্যান্ড ইন্টেরিয়র ডেকোরেশন, আর্কিটেকচার অ্যাসিস্ট্যান্টশিপ, বিল্ডিং কনস্ট্রাকশন টেকনোলজি।

কম্পিউটার সায়েন্সের ক্ষেত্রে কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স, কম্পিউটার টেকনোলজি, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং, থ্রি-ডি অ্যানিমেশন অ্যান্ড গ্রাফিক্স, অ্যাডভান্সড কম্পিউটার অ্যাপ্লিকেশন, কম্পিউটার অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং অ্যান্ড অ্যাপ্লিকেশন, কম্পিউটার নেটওয়ার্কিং, কম্পিউটার সায়েন্স অ্যান্ড টেকনোলজি, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি, কম্পিউটার সায়েন্স অ্যান্ড সিস্টেম ইঞ্জিনিয়ারিং, কম্পিউটিং ইন কম্পিউটিং, কম্পিউটিং ইন মাল্টিমিডিয়া, কম্পিউটিং ইন সফটওয়্যার, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কম্পিউটার সায়েন্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ম্যাথমেটিক্স অ্যান্ড কম্পিউটিং, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং (সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং), কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (নেটওয়ার্কস), ন্যানো সায়েন্স অ্যান্ড টেকনোলজি, আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স, মেশিন লার্নিং, ডেটা সায়েন্স প্রোগ্রাম, ন্যানো টেকনোলজি, রোবোটিক্স অ্যান্ড অটোমেশন, অটোমেশন অ্যান্ড রোবোটিক্স, মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন টেকনোলজি, ইনফর্মেশন সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি, ইনফর্মেশন ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন সায়েন্স অ্যান্ড টেকনোলজি, ইনফর্মেশন টেকনোলজি অ্যান্ড ইঞ্জিনিয়ারিং। এছাড়া কম্পিউটার সায়েন্স, কম্পিউটার টেকনোলজি, ইনফর্মেশন টেকনোলজি, ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজিতে এম এসসি ডিগ্রিও গ্রাহ্য হবে।

ইলেক্ট্রিক্যালের ক্ষেত্রে ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং (ইলেক্ট্রনিক্স অ্যান্ড পাওয়ার), পাওয়ার সিস্টেম ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং (পাওয়ার সিস্টেম), ইলেক্ট্রিক্যাল অ্যান্ড মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড পাওয়ার ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড পাওয়ার, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, ইনস্ট্রুমেন্টেশন টেকনোলজি, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স কমিউনিকেশন অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং।

ইলেক্ট্রনিক্সের ক্ষেত্রে ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, পাওয়ার ইলেক্ট্রনিক্স অ্যান্ড ড্রাইভস, পাওয়ার ইলেক্ট্রনিক্স, পাওয়ার ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড পাওয়ার ইঞ্জিনিয়ারিং, ডিজিটাল টেকনিক্স ফর ডিজাইন অ্যান্ড প্ল্যানিং, ইলেক্ট্রনিক্স সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কন্ট্রোল সিস্টেমস, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স ডিজাইন টেকনোলজি, ইলেক্ট্রনিক্স সিস্টেম ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স টেকনোলজি, রেডিও ফিজিক্স অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং, অপ্টিক্স অ্যান্ড অপ্টো ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিমেট্রিক ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিমেটিক্স ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (টেকনোলজিনিশিয়ান ইলেক্ট্রনিক রেডিও), ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (টেকনোলজি ইন ইলেক্ট্রিক রেডিও), ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইলেক্ট্রিক্যাল কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশনস, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন (কমিউনিকেশন সিস্টেম ইঞ্জিনিয়ারিং), ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ইন্ডাস্ট্রি ইন্টিগ্রেটেড), ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (মাইক্রোওয়েভ), অ্যাডভান্সড কমিউনিকেশন অ্যান্ড ইনফর্মেশন সিস্টেম, অ্যাডভান্সড ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউকেশন ইঞ্জিনিয়ারিং, ফাইবার অপটিক্স, টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, মাইক্রো ইলেক্ট্রনিক্স অ্যান্ড মাইক্রোওয়েভ ইঞ্জিনিয়ারিং, অপ্টো ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, অপ্টিক্স অ্যান্ড অপ্টো ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, স্যাটেলাইট কমিউনিকেশন। এছাড়া ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, কমিউনিকেশন এবং মাইক্রোইলেক্ট্রনিক্স অ্যান্ড অ্যাডভান্সড কমিউনিকেশনে এম এসসি ডিগ্রি থাকলেও গ্রাহ্য হবে।

মেকানিক্যালের ক্ষেত্রে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল (মেকট্রনিক্স) ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল অ্যান্ড অটোমেশন ইঞ্জিনিয়ারিং, অ্যাডভান্সড মেকট্রনিক্স অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল অটোমেশন ইঞ্জিনিয়ারিং, প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং, প্রোডাক্ট ডিজাইন অ্যান্ড ডেভেলপমেন্ট, প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট, প্রোডাকশন অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং, অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং, অটোমোবাইল মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ারিং, অটোমোটিভ টেকনোলজি, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (অটোমোবাইল), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (ইন্ডাস্ট্রি ইন্টিগ্রেটেড), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (ম্যানুফ্যাকচারিং ইঞ্জিনিয়ারিং), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (প্রোডাকশন), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (ওয়েল্ডিং টেকনোলজি), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অটোমোবাইল, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং ডিজাইন, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট ইঞ্জিনিয়ারিং, ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং, ইন্ডাস্ট্রিয়াল/ম্যানুফ্যাকচারিং ইঞ্জিনিয়ারিং, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট ইঞ্জিনিয়ারিং, ম্যানুফ্যাকচারিং ইঞ্জিনিয়ারিং, ম্যানুফ্যাকচারিং ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি, ম্যানুফ্যাকচারিং প্রোসেস অ্যান্ড অটোমেশন ইঞ্জিনিয়ারিং, ম্যানুফ্যাকচারিং সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ম্যানুফ্যাকচারিং টেকনোলজি, অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং, অ্যারোস্পেস ইঞ্জিনিয়ারিং, অ্যারো স্পেস ইঞ্জিনিয়ারিং, এয়ারক্রাফট মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ারিং, অ্যাভিওনিক্স ইঞ্জিনিয়ারিং, অ্যাভিয়েশন ইঞ্জিনিয়ারিং।

মিসলেনিয়াস শাখার ক্ষেত্রে প্লাস্টিক টেকনোলজি, রিমোট সেন্সিং, ব্যালিস্টিক ইঞ্জিনিয়ারিং, বায়ো মেডিক্যাল ইঞ্জিনিয়ারিং, মেডিক্যাল ইলেক্ট্রনিক্স, ফুড টেকনোলজি, এগ্রিকালচার ইঞ্জিনিয়ারিং, মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং, মেটালার্জি অ্যান্ড মেটিরিয়াল টেকনোলজি, মেটালার্জি অ্যান্ড মেটিরিয়াল ইঞ্জিনিয়ারিং, মেটালার্জিক্যাল অ্যান্ড ইঞ্জিনিয়ারিং অ্যান্ড মেটিরিয়াল সায়েন্স, মেটালার্জি অ্যান্ড এক্সপ্লোসিভস ইঞ্জিনিয়ারিং, লেজার টেকনোলজি, বায়ো টেকনোলজি, রাবার টেকনোলজি, কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, ট্রান্সপোর্টেশন ইঞ্জিনিয়ারিং, মাইনিং, নিউক্লিয়ার টেকনোলজি, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং।

প্রয়াত সমরকর্মীদের স্ত্রীদের জন্য টেকনিক্যাল শাখায় যে-কোনও বিষয়ে বি ই বা বি টেক। নন-টেকনিক্যাল শাখার ক্ষেত্রে যে-কোনও শাখায় স্নাতক হলেই আবেদন করা যাবে।

**বয়স:** ১-৪-২০২৩ তারিখে ২০ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ২-৪-১৯৯৬ থেকে ১-৪-২০০৩-এর মধ্যে। প্রয়াত প্রাক্তন সমরকর্মীদের স্ত্রীদের ক্ষেত্রে ৩৫ বছরের মধ্যে হতে হবে।

প্রার্থী বাছাই করবে সার্ভিস সিলেকশন বোর্ড, দু'পর্যায়ের পরীক্ষার মাধ্যমে। সিলেকশন সেন্টারগুলি হল: এলাহাবাদ, ভোপাল, বেঙ্গালুরু ও কাপুরথালা। সিলেকশন সেন্টারে প্রথম পর্যায়ের পরীক্ষায় সফল হলে তবেই বাকি টেস্টগুলি দেওয়া যাবে। অন্যথায় সেদিনই ফেরত পাঠানো হবে। সবশেষে মেডিক্যাল এক্সামিনেশন।

৪৯ সপ্তাহের ট্রেনিং। ট্রেনিং হবে চেন্নাইয়ের অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে। ট্রেনিং শুরু হবে লেফটেন্যান্ট র‍্যাঙ্কে। চিফ অব দ্য আর্মি স্টাফ র‍্যাঙ্ক পর্যন্ত পদোন্নতির সুযোগ রয়েছে। ট্রেনিংয়ের সময় স্টাইপেন্ড মাসে ৫৬,১০০ টাকা। ট্রেনিংয়ে সফল হলে নিয়োগ। তখন বেতনক্রম: ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা। সঙ্গে মিলিটারি সার্ভিস পে ১৫,৫০০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindianarmy.nic.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ২৪ অগস্ট পর্যন্ত। যথাযথ ভাবে দরখাস্ত পূরণ করে 'Submit' করবেন। সাবমিটের পর রোল নম্বর পাওয়া যাবে। আবেদনের শেষ তারিখে আবেদনের জন্য নির্ধারিত সময়সীমার কমপক্ষে ৩০ মিনিট পরে রোল নম্বর-সহ পূরণ করা দরখাস্তের দু'কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রিন্ট আউট কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# রাষ্ট্রীয় কেমিক্যালসে মার্কেটিং অফিসার

মার্কেটিং বিভাগে ১৮ জন অফিসার নেবে রাষ্ট্রীয় কেমিক্যালস অ্যান্ড ফার্টিলাইজার্স। এটি কেন্দ্রের কেমিক্যালস অ্যান্ড ফার্টিলাইজার্স মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ০১০৬২০২২।

**পোস্ট কোড E1 MKTG/062022:** সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ৩টি শূন্যপদ সৈনিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত।

**শিক্ষাগত যোগ্যতা:** সায়েন্স বা ইঞ্জিনিয়ারিং বা এগ্রিকালচারে ৩ থেকে ৪ বছর মেয়াদের স্নাতক কোর্স পাশ। সেই সঙ্গে নিম্নলিখিত যে-কোনও একটি স্নাতকোত্তর ডিগ্রি— মার্কেটিং স্পেশ্যালাইজেশন বা মূল বিষয়-সহ এম বি এ বা এম এম এস, এগ্রি বিজনেস ম্যানেজমেন্টে এম বি এ। এগ্রিকালচারে স্নাতক, সঙ্গে এগ্রিকালচার বা অ্যাগ্রোনমি বা এগ্রিকালচার কেমিস্ট্রি অ্যান্ড সয়েল সায়েন্সে এম এসসি ডিগ্রি থাকলেও তা গ্রাহ্য করা হবে। স্নাতকোত্তর স্তরে ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে। পাশাপাশি, সেলস অ্যান্ড মার্কেটিংয়ে ২ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক। কৃষিপণ্য সংক্রান্ত ক্ষেত্রে সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।

**বয়স:** ১-৪-২০২২ তারিখে ৩৪ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ এবং সৈনিক প্রার্থীরা ১০ বছরের ছাড় পাবেন।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rcfltd.com অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১২ অগস্ট।

বিশদ জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।





The VITAL place for Higher Education

ADMISSIONS OPEN - 2022

APPLY NOW at www.vitap.ac.in

PROGRAMMES OFFERED

LAW PROGRAMMES
- BA, LL.B (Hons)
- BBA, LL.B (Hons)

BUSINESS PROGRAMMES
| Conduct of Pre-Exam Training* | September/ October 2022 |
| Download of call letters for Online examination - Preliminary | October 2022 |
| Online Examination - Preliminary | October 2022 |
| Result of Online exam - Preliminary | November 2022 |
| Download of Call letter for Online exam - Main | November 2022 |
| Online Examination – Main | November 2022 |
| Declaration of Result – Main | December 2022 |
| Download of call letters for interview | January/ February 2023 |
| Conduct of interview | January/ February 2023 |
| Provisional Allotment | April 2023 |

* In case it is possible and safe to hold PET

Candidates are advised to regularly keep in touch with the authorised IBPS website www.ibps.in for details and updates.

Before registering online candidates are advised to read the detailed notification carefully and follow the instructions mentioned therein.

Mumbai
Date: 02.08.2022

Director



# DELHI PUBLIC SCHOOL NEWTOWN

(under the aegis of the Delhi Public School Society, Delhi)

*on behalf of The Management, Principal & Staff*

## Congratulates

*all students for their brilliant academic performance in the ISC & ICSE Examinations, 2022*

**ISC TOPPERS**

Merit position 1
99.25%



PRERANA CHAKRAVARTY
3rd. State Level
3rd. National Level

Merit position 2
99%



Srijan Saha

Merit position 3
98.5%



Itisha Garg

**ISC RESULT HIGHLIGHTS**

| | |
|---|---|
| No. of students appeared | 259 |
| No. of students passed | 259 |
| Students scoring above 90% | 123 |

Highest Marks - 99.25%
Class Average - 87.29%

**ICSE TOPPERS**

Merit position 1
99.6%



ADITRI GUPTA
1st. State Level
2nd. National Level

**ICSE RESULT HIGHLIGHTS**

| | |
|---|---|
| No. of students appeared | 291 |
| No. of students passed | 291 |
| Students scoring above 90% | 187 |

Merit position 2
98.8%



Akashdeep Sarkar



Nayanika Chatterjee



Sourish Das



Anisha Yasmin



Sinjini Pal



Lakshya Sharma

Merit position 3
98.6%



Keyara Singh

Highest Marks - 99.60%
Class Average - 89.97%

Action Area 1D, Block DG/3, Newtown,
Rajarhat Kolkata 700 156

Tel- 98744 86899, 90518 42262, 98306 88888,
Email- admission@dpsn.org.in

DPS NEWTOWN
ICSE and ISC

atmosphere/DPS/R23

# হিন্দুস্তান অ্যারোনটিক্সে ৬৩৩
## তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

৬৩৩ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিস-শিপ ট্রেনিং দেবে হিন্দুস্তান অ্যারোনটিক্স। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে ট্রেনিং হবে আই টি আই ট্রেড অ্যাপ্রেন্টিস, ইঞ্জিনিয়ারিং গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস এবং টেকনিশিয়ান (ডিপ্লোমা) অ্যাপ্রেন্টিস ক্যাটেগরিতে। ট্রেনিং হবে সংস্থার নাসিক ডিভিশনে। ট্রেনিংয়ের মেয়াদ এক বছর। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: HAL/T&D/1614/2022-23/089 ও HAL/T&D/1614/22-23/090.

**ক্যাটেগরি অনুসারে আসনসংখ্যার বিবরণ: আই টি আই অ্যাপ্রেন্টিস:** **ফিটার:** ১৮৬টি। **টার্নার:** ২৮। **মেশিনিস্ট:** ২৬টি। **কার্পেন্টার:** ৪টি। **মেশিনিস্ট (গ্রাইন্ডার):** ১০টি। **ইলেক্ট্রিশিয়ান:** ৬৬টি। **ড্রাফটসম্যান (মেকানিক্যাল):** ৬টি। **ইলেক্ট্রনিক্স মেকানিক:** ৮টি। **পেইন্টার (জেনারেল):** ৭টি। **শিট মেটাল ওয়ার্কার:** ৪টি। **মেকানিক (মোটর ভেহিক্যল):** ৪টি। **কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট:** ৮৮টি। **ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক):** ৮টি। **স্টেনোগ্রাফার (ইংলিশ):** ৬টি। **রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং মেকানিক:** ৪টি। **শিক্ষাগত যোগ্যতা:** এন সি ভি টি বা এস সি ভি টি স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই পাশ। কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট ট্রেডের ক্ষেত্রে প্রোগ্রামিং অ্যান্ড সিস্টেম অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাসিস্ট্যান্ট ট্রেডে আই টি আই পাশ করে থাকলেও আবেদন করা যাবে। **স্টাইপেন্ড:** নিয়মানুসারে।

**ইঞ্জিনিয়ারিং গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস: অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ার:** ৫টি। **কম্পিউটার ইঞ্জিনিয়ার:** ৭টি। **সিভিল ইঞ্জিনিয়ার:** ৪টি। **ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ার:** ১৩টি। **ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ার:** ১৫টি। **মেকানিক্যাল ইঞ্জিনিয়ার:** ৪৩টি। **প্রোডাকশন ইঞ্জিনিয়ার:** ৪টি। **ফার্মাসিস্ট:** ৩টি। **নার্সিং অ্যাসিস্ট্যান্ট:** ৫টি। **শিক্ষাগত যোগ্যতা:** ফার্মাসিস্ট ও নার্সিং অ্যাসিস্ট্যান্ট ছাড়া বাকি সব শাখার ক্ষেত্রে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় স্নাতক। ফার্মাসিস্টের ক্ষেত্রে ফার্মাসিতে স্নাতক। নার্সিং অ্যাসিস্ট্যান্টের ক্ষেত্রে নার্সিংয়ে বি এসসি ডিগ্রি। **স্টাইপেন্ড:** নির্দিষ্ট মাসিক ৯,০০০ টাকা।

**টেকনিশিয়ান ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস: অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ার:** ৩টি। **কম্পিউটার ইঞ্জিনিয়ার:** ৬টি। **সিভিল ইঞ্জিনিয়ার:** ৪টি। **ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ার:** ১৫টি। **ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ার:** ১২টি। **মেকানিক্যাল ইঞ্জিনিয়ার:** ৩৩টি। **ল্যাব অ্যাসিস্ট্যান্ট:** ৩টি। **হোটেল ম্যানেজমেন্ট:** ৩টি। **শিক্ষাগত যোগ্যতা:** ল্যাব অ্যাসিস্ট্যান্ট ও হোটেল ম্যানেজমেন্ট ছাড়া বাকি সব শাখার ক্ষেত্রে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা। ল্যাব অ্যাসিস্ট্যান্টের ক্ষেত্রে মেডিক্যাল ল্যাব টেকনোলজিতে ডিপ্লোমা। হোটেল ম্যানেজমেন্টের ক্ষেত্রে হোটেল ম্যানেজমেন্টে ডিপ্লোমা। **স্টাইপেন্ড:** নির্দিষ্ট মাসিক ৮,০০০ টাকা।

নিয়মানুসারে তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী ও আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের জন্য শূন্যপদ সংরক্ষিত থাকবে।

অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mhrdnats.gov.in (গ্র্যাজুয়েট এবং ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে), www.apprenticeshipindia.gov.in (আই টি আইয়ের ক্ষেত্রে)। প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। রেজিস্ট্রেশনের পর অনলাইন আবেদন করতে হবে নির্দিষ্ট গুগল ফর্মে। আবেদনের শেষ তারিখ ১০ অগস্ট।

বিশদ জানতে দেখুন এই ওয়েবসাইট: www.hal-india.co.in

# তেহরি হাইড্রোতে ১০২ ইঞ্জিনিয়ার

সিভিল, ইলেক্ট্রিক্যাল ও মেকানিক্যাল শাখায় ১০২ জন ইঞ্জিনিয়ার নেবে তেহরি হাইড্রো ডেভেলপমেন্ট কর্পোরেশন। এটি কেন্দ্রের শক্তি মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। প্রাথমিক ভাবে এক বছরের চুক্তিতে নিয়োগ করা হবে। কর্তৃপক্ষ মনে করলে পারফর্ম্যান্সের বিচারে চুক্তির মেয়াদ বাড়ানো হবে। চুক্তি সর্বাধিক ৫ বছরের। এই নিয়োগের অ্যাডভার্টাইজমেন্ট নম্বর: 11/2022.

**শাখা অনুসারে শূন্যপদের বিবরণ: সিভিল** ৩৩টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত প্রতিষ্ঠান থেকে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর বা সমতুল সি জি পি এ-সহ সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক বা বি এসসি ইঞ্জিনিয়ারিং। সেই সঙ্গে হাইড্রো বা থার্মাল বা সোলার বা উইন্ড শাখায় সংশ্লিষ্ট কাজে এক্সিকিউটিভ বা অফিসার ক্যাডারে ১ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

**ইলেক্ট্রিক্যাল** ৩৮টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১০, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। **শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত প্রতিষ্ঠান থেকে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর বা সমতুল সি জি পি এ-সহ ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক বা বি এসসি ইঞ্জিনিয়ারিং। ইলেক্ট্রিক্যাল ছাড়াও ইলেক্ট্রিক্যাল (পাওয়ার) বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা পাওয়ার সিস্টেমস অ্যান্ড হাই ভোল্টেজ বা পাওয়ার ইঞ্জিনিয়ারিং-ও বিষয় হিসেবে গ্রাহ্য করা হবে। সেই সঙ্গে হাইড্রো বা থার্মাল বা সোলার বা উইন্ড শাখায় সংশ্লিষ্ট কাজে এক্সিকিউটিভ বা অফিসার ক্যাডারে ১ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

**মেকানিক্যাল** ৩১টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। **শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত প্রতিষ্ঠান থেকে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর বা সমতুল সি জি পি এ-সহ মেকানিক্যাল বা মেকানিক্যাল অ্যান্ড অটোমেশন ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক বা বি এসসি ইঞ্জিনিয়ারিং। সেই সঙ্গে হাইড্রো বা থার্মাল বা সোলার বা উইন্ড শাখায় সংশ্লিষ্ট কাজে এক্সিকিউটিভ বা অফিসার ক্যাডারে ১ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

নিয়মানুসারে দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য শূন্যপদ সংরক্ষিত থাকবে।

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরে প্রার্থীকে মোট অন্তত ৬৫ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। সব ক্ষেত্রেই তফসিলি ও দৈহিক প্রতিবন্ধী প্রার্থীরা পাশ নম্বর থাকলেই আবেদন করতে পারবেন।

**বয়স:** ১-৮-২০২২ তারিখে ৩২ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

**বেতন:** নির্দিষ্ট মাসিক ৬০,০০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রাথমিক ভাবে প্রার্থীদের বাছাই করা হবে শিক্ষাক্ষেত্রে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে। নির্বাচিত প্রার্থীদের পার্সোন্যাল ইন্টারভিউ নেওয়া হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.thdc.co.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১৯ অগস্ট পর্যন্ত।

অনলাইনে ফি বাবদ দিতে হবে ৬০০ টাকা। ফি জমা দেওয়ার শেষ তারিখ ২১ অগস্ট। ফি জমা দেওয়ার পর রিসিপ্টের প্রিন্ট আউট নিয়ে নেবেন। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফি দিতে লাগবে না।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# পূর্ব বর্ধমানে স্টাফ নার্স

স্টাফ নার্স পদে ১৭ জনকে নেবে পূর্ব বর্ধমানের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি। চুক্তিতে নিয়োগ করা হবে বর্ধমান, কালনা এবং কাটোয়া পুরসভা এলাকার জনস্বাস্থ্য কেন্দ্রে। প্রার্থীকে অবশ্যই এ রাজ্যের স্থায়ী বাসিন্দা হতে হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 2112/DH&FWS/I/A-6.

শূন্যপদের বিন্যাস: সাধারণ ৯, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ২, ও বি সি-বি ১। শিক্ষাগত যোগ্যতা: জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা বা নার্সিংয়ে বি এসসি পাশ, সঙ্গে ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। স্থানীয় ভাষায় দক্ষতা থাকতে হবে।

বয়স: ১-১-২০২২ তারিখে ৪০ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

বেতন: প্রতি মাসে ২৫,০০০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbhealth.gov.in আবেদনের শেষ তারিখ ২২ অগস্ট।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ১০০ টাকা (সংরক্ষিত ক্যাটেগরির ক্ষেত্রে ৫০ টাকা)।

দরখাস্তের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# দিল্লি সরকারে ২০৪

ট্রেইন্ড গ্র্যাজুয়েট টিচার (স্পেশ্যাল এডুকেশন), পোস্ট-গ্র্যাজুয়েট ট্রেইন্ড টিচার, জুনিয়র লেবার ওয়েলফেয়ার ইনস্পেক্টর-সহ বিভিন্ন পদে ৫৬৭ জনকে নিয়োগ করবে দিল্লি সরকার। নিয়োগ করা হবে দিল্লি পরিবহণ নিগম, শিক্ষা, প্রশিক্ষণ এবং কারিগরি শিক্ষা-সহ বিভিন্ন বিভাগ ও অফিসে। প্রার্থী বাছাই করবে দিল্লি সাবঅর্ডিনেট সার্ভিসেস সিলেকশন বোর্ড। পশ্চিমবঙ্গের প্রার্থীরা কেবল সাধারণ ক্যাটেগরির প্রার্থীদের জন্য নির্দিষ্ট শূন্যপদে আবেদন জানাতে পারবেন। তাই এখানে সাধারণ ক্যাটেগরির প্রার্থীদের জন্য নির্দিষ্ট ২০৪টি শূন্যপদের বিষয়ে জানানো হল। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 07/22.

শূন্যপদের বিবরণ: পোস্ট কোড 14/22: **ডেপুটি ম্যানেজার (অ্যাকাউন্টস)**: শূন্যপদ: ৯টি। শিক্ষাগত যোগ্যতা: দ্বিতীয় শ্রেণিতে এম কম বা প্রথম শ্রেণিতে বি কম পাশ। ব্যাঙ্ক বা সরকারি সংস্থায় সুপারভাইজর পদে অন্তত ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। এস এ এস যোগ্যতা থাকলে, কোনও রাষ্ট্রীয় পরিবহণ সংস্থায় কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বয়স: ৩৫ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ৯,৩০০-৩৪,৮০০ টাকা, সঙ্গে গ্রেড পে ৪,৬০০ টাকা।

পোস্ট কোড 15/22: **জুনিয়র লেবার ওয়েলফেয়ার ইনস্পেক্টর**: ৫টি। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক, সঙ্গে জনপ্রিয় ক্রীড়াক্ষেত্রে জাতীয় বা রাজ্য স্তরের খেলোয়াড় হতে হবে। বয়স: ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৫,২০০-২০,২০০ টাকা, সঙ্গে গ্রেড পে ২,০০০ টাকা।

পোস্ট কোড 17/22: **স্টোর অ্যাটেন্ড্যান্ট**: শূন্যপদ: ৫টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে কোনও ইঞ্জিনিয়ারিং সংস্থায় বা হার্ডওয়্যার স্টোরে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল ট্রেডে আই টি আই পাশ প্রার্থীদের অগ্রাধিকার। বয়স: ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৫,২০০-২০,২০০ টাকা, সঙ্গে গ্রেড পে ১,৯০০ টাকা।

পোস্ট কোড 20/22: **ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার**: শূন্যপদ: ১৩১টি। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক। সঙ্গে স্পেশ্যাল এডুকেশনে বি এড অথবা বি এড, সঙ্গে স্পেশ্যাল এডুকেশনে ২ বছরের ডিপ্লোমা অথবা স্পেশ্যাল এডুকেশনে পোস্ট-গ্র্যাজুয়েট প্রফেশনাল ডিপ্লোমা কোর্স পাশ। এর পাশাপাশি, সি বি এস ই আয়োজিত সেন্ট্রাল টিচার এলিজিবিলিটি টেস্ট পাশ করে থাকতে হবে। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৯,৩০০-৩৪,৮০০ টাকা, সঙ্গে গ্রেড পে ৪,৬০০ টাকা।

পোস্ট কোড 30/22: **পোস্ট-গ্র্যাজুয়েট টিচার-কম্পিউটার সায়েন্স (মহিলা)**: শূন্যপদ: ৭টি। শিক্ষাগত যোগ্যতা: কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজিতে বি ই বা বি টেক, সঙ্গে কম্পিউটার অ্যাপ্লিকেশনসে পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা অথবা ডোয়েক 'বি' বা 'সি' লেভেল কোর্স পাশ, সঙ্গে শিক্ষকতায় ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অথবা কম্পিউটার সায়েন্সে এম এসসি বা এম সি এ, সঙ্গে শিক্ষকতায় ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অথবা কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজিতে মাস্টার অব ইঞ্জিনিয়ারিং বা এম টেক পাশ। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৯,৩০০-৩৪,৮০০ টাকা, সঙ্গে গ্রেড পে ৪,৮০০ টাকা।

পোস্ট কোড 32/22: **পোস্ট-গ্র্যাজুয়েট টিচার-সংস্কৃত (মহিলা)**: শূন্যপদ: ৯টি। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি, সঙ্গে ট্রেনিং বা এডুকেশনে ডিগ্রি বা ডিপ্লোমা। সংশ্লিষ্ট বিষয়ে পি এইচ ডি ডিগ্রিধারী হলে অথবা উচ্চমাধ্যমিক থেকে স্নাতকোত্তর স্তর পর্যন্ত সব পরীক্ষায় মোট অন্তত ৬০ শতাংশ করে নম্বর থাকলে ট্রেনিং বা এডুকেশনের নির্দিষ্ট যোগ্যতা প্রযোজ্য নয়। দ্বিতীয় ক্ষেত্রে চাকরিতে যোগদানের ৩ বছরের মধ্যে বি এড বা বি টি প্রশিক্ষণ সম্পূর্ণ করতে হবে। সব ক্ষেত্রেই কলেজে বা উচ্চমাধ্যমিক স্কুলে শিক্ষকতায় অন্তত ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ৩৬ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৯,৩০০-৩৪,৮০০ টাকা, সঙ্গে গ্রেড পে ৪,৮০০ টাকা।

পোস্ট কোড 33/22: **পোস্ট-গ্র্যাজুয়েট টিচার-ইংরেজি**: শূন্যপদ: পুরুষ ৬টি, পোস্ট কোড 34/22: শূন্যপদ: মহিলা ৪টি। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি, সঙ্গে ট্রেনিং বা এডুকেশনে ডিগ্রি বা ডিপ্লোমা। সংশ্লিষ্ট বিষয়ে পি এইচ ডি ডিগ্রিধারী হলে অথবা উচ্চমাধ্যমিক থেকে স্নাতকোত্তর স্তর পর্যন্ত সব পরীক্ষায় মোট অন্তত ৬০ শতাংশ করে নম্বর থাকলে ট্রেনিং বা এডুকেশনের নির্দিষ্ট যোগ্যতা প্রযোজ্য নয়। দ্বিতীয় ক্ষেত্রে চাকরিতে যোগদানের ৩ বছরের মধ্যে বি এড বা বি টি প্রশিক্ষণ সম্পূর্ণ করতে হবে। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৯,৩০০-৩৪,৮০০ টাকা, সঙ্গে গ্রেড পে ৪,৮০০ টাকা।

পোস্ট কোড 35/22: **এডুকেশনাল অ্যান্ড ভোকেশনাল গাইডেন্স কাউন্সেলর** : শূন্যপদ: পুরুষ ৪টি, পোস্ট কোড 36/22: শূন্যপদ: মহিলা ২৪টি। শিক্ষাগত যোগ্যতা: সাইকোলজিতে স্নাতকোত্তর ডিগ্রি, সঙ্গে গাইডেন্স অ্যান্ড কাউন্সেলিংয়ে ডিপ্লোমা। সরকারি ক্ষেত্রে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৯,৩০০-৩৪,৮০০ টাকা, সঙ্গে গ্রেড পে ৪,৮০০ টাকা।

সব ক্ষেত্রেই ২৭-৮-২০২২ তারিখে নির্দিষ্ট বয়স থাকতে হবে।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং প্রযোজ্য ক্ষেত্রে স্কিল টেস্টের মাধ্যমে। নেগেটিভ মার্কিং আছে। পরীক্ষাকেন্দ্র দিল্লি।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://dsssbonline.nic.in অনলাইন দরখাস্ত করা যাবে ২৭ অগস্ট পর্যন্ত। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। দরখাস্ত পূরণ করবেন যথাযথ ভাবে।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ১০০ টাকা। ফি দেওয়া যাবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া-ই পে-র মাধ্যমে। অনলাইনে ফি জমা দেওয়ার পর পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

দরখাস্ত এবং প্রার্থী বাছাই পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে দেখতে পারেন এই ওয়েবসাইটটিও: https://dsssb.delhi.gov.in

# প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ে ১২০

জুনিয়র অ্যাসিস্ট্যান্ট, জুনিয়র লাইব্রেরি অ্যাসিস্ট্যান্ট, টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট এবং জুনিয়র পিওন পদে ১২০ জনকে নেবে প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়। প্রবেশন ১ বছরের। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: PU/2022/2/NT/GEN/04.

শূন্যপদের বিবরণ: **জুনিয়র লাইব্রেরি অ্যাসিস্ট্যান্ট**: ২৩টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ২, ও বি সি-এ ২, ও বি সি-বি ২, দৈহিক প্রতিবন্ধী ১)। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে লাইব্রেরি সায়েন্সে ডিগ্রি বা ডিপ্লোমা। ইউনিভার্সাল ডেসিম্যাল ক্ল্যাসিফিকেশনস, লাইব্রেরিয়ানশিপ বা লাইব্রেরি অটোমেশনে কম্পিউটার অ্যাপ্লিকেশনের ব্যবহার জানলে, কোনও প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বেতনক্রম: ৩৫,৮০০-৯২,১০০ টাকা।

**টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট গ্রেড-টু**: ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১)। শিক্ষাগত যোগ্যতা: বি এসসি বা বি সি এ বা ইঞ্জিনিয়ারিংয়ের যে-কোনও শাখায় ডিপ্লোমা কোর্স পাশ। এম সি এ বা কম্পিউটার সায়েন্সে এম এসসি পাশ করে থাকলে, সংশ্লিষ্ট কাজে কোনও প্রতিষ্ঠানে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকলে, ওয়েব অ্যাপ্লিকেশন ডেভেলপমেন্ট, মোবাইল অ্যাপ্লিকেশন ডেভেলপমেন্ট, ডেটাবেস অ্যাডমিনিস্ট্রেশন, ওয়েব ডিজাইন অ্যান্ড জে এস ফ্রেমওয়ার্ক-সংক্রান্ত কাজে অভিজ্ঞতা থাকলে অথবা ডেটা সেন্টার, সার্ভার মেইন্টেন্যান্স, নেটওয়ার্ক সিকিউরিটি, নেটওয়ার্ক কনফিগারেশন, কম্পিউটার হার্ডওয়্যার, লাইব্রেরি অটোমেশন, সার্ভার অটোমেশন, নেটওয়ার্ক অটোমেশন টুল, পিরিওডিক্যাল ডেটা ব্যাক-আপ অ্যান্ড স্টোরেজ ম্যানেজমেন্ট-সংক্রান্ত কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বেতনক্রম: ৩৫,৮০০-৯২,১০০ টাকা।

**জুনিয়র অ্যাসিস্ট্যান্ট**: ৭৮টি (সাধারণ ৪১, তফসিলি জাতি ১৭, তফসিলি উপজাতি ৫, ও বি সি-এ ৮, ও বি সি-বি ৫, দৈহিক প্রতিবন্ধী ২)। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক। স্নাতক ডিগ্রি থাকলে, কোনও প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকলে, ইংরেজি ভাষায় দক্ষতা থাকলে, লেটার ড্রাফটিং, ফিনান্স ও অ্যাকাউন্টিং-সংক্রান্ত কাজের বিষয়ে স্পষ্ট ধারণা থাকলে, ওয়ার্ড প্রসেসিং, স্প্রেড শিট, অ্যাকাউন্টিং সফটওয়্যারের বিষয়ে জ্ঞান থাকলে অগ্রাধিকার। বেতনক্রম: ২৭,৫০০-৭০,৬০০ টাকা।

**জুনিয়র পিওন**: ১৫টি (সাধারণ ৭, তফসিলি জাতি ৫, ও বি সি-এ ১, দৈহিক প্রতিবন্ধী ১)। শিক্ষাগত যোগ্যতা: ক্লাস এইট। ইংরেজি লিখতে ও পড়তে পারলে, কোনও প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বেতনক্রম: ১৮,৫০০-৪৭,৬০০ টাকা।

বয়স: ৪-৮-২০২২ তারিখে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ বছরের বয়সের ছাড় পাবেন।

প্রাথমিক ভাবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের ইন্টারভিউয়ের মাধ্যমে নির্বাচিত করা হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://presiuniv.ac.in/web/universitystaff দরখাস্তের শেষ তারিখ ৪ অগস্ট। দরখাস্তের পদ্ধতি-সহ বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# সি এস আই আর-ইউ জি সি-র নেট পরীক্ষায় আবেদনের শেষ তারিখ ১০ অগস্ট

ইউনিভার্সিটি গ্রান্টস কমিশনের অধীন বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও কলেজে বিজ্ঞান শাখায় লেকচারার এবং জুনিয়র রিসার্চ ফেলোশিপের যোগ্যতামান নির্ধারণের পরীক্ষা 'নেট'-এর দরখাস্ত নেওয়া হচ্ছে। প্রার্থী বাছাই করা হবে কম্পিউটারভিত্তিক পরীক্ষার মাধ্যমে। জাতীয় স্তরে পরীক্ষাটি নিচ্ছে ন্যাশনাল টেস্টিং এজেন্সি (এন টি এ)। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে।

**পরীক্ষা নেওয়া হবে এই সব বিষয়ে (ব্র্যাকেটে কোড নম্বর):** কেমিক্যাল সায়েন্সেস (৭০১), আর্থ, অ্যাটমোস্ফেরিক, ওশান অ্যান্ড প্ল্যানেটারি সায়েন্সেস (৭০২), লাইফ সায়েন্সেস (৭০৩), ম্যাথমেটিক্যাল সায়েন্সেস (৭০৪) এবং ফিজিক্যাল সায়েন্সেস (৭০৫)।

**আবেদনের যোগ্যতা:** এম এসসি, বি এস (৪ বছরের) এবং বি ই, বি টেক, বি ফার্মা, এম বি বি এস, ইন্টিগ্রেটেড বি এস-এম এস বা সমতুল ডিগ্রিধারীরা মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর থাকলে আবেদন করতে পারেন। এই নম্বর নিয়ে বি এসসি (অনার্স) বা সমতুল ডিগ্রি পাশ করে ইন্টিগ্রেটেড এম এস-পি এইচ ডি কোর্সে নথিভুক্ত হয়ে থাকলেও আবেদন করতে পারেন। উভয় ক্ষেত্রেই তফসিলি, তৃতীয় লিঙ্গভুক্ত ও দৈহিক প্রতিবন্ধী প্রার্থীরা মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে আবেদন করতে পারবেন। সব ক্ষেত্রেই ব্যাচেলর্স ডিগ্রিধারীরা এই নেট পরীক্ষায় সফল হয়ে ২ বছরের মধ্যে পি এইচ ডি বা ইন্টিগ্রেটেড পি এইচ ডি কোর্সে নথিভুক্ত হলে তবেই ফেলোশিপ পাবেন। মনে রাখবেন, তাঁরা শুধু জুনিয়র রিসার্চ ফেলোশিপের জন্য নির্বাচিত হবেন। যাঁরা মাস্টার ডিগ্রির ফাইনাল পরীক্ষা দেবেন বা দিয়েছেন তাঁরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারেন।

পি এইচ ডি-ডিগ্রিধারী, যাঁদের স্নাতকোত্তর স্তরের পরীক্ষা ১৯ সেপ্টেম্বর, ১৯৯১ তারিখের আগে সম্পূর্ণ হয়েছে তাঁরা শিক্ষাগত যোগ্যতার শতকরা হারে ৫ শতাংশ ছাড় পাবেন।

যাঁরা ফেলোশিপের জন্য এই পরীক্ষায় উত্তীর্ণ হবেন তাঁরা স্নাতকোত্তর ডিগ্রির বিষয় অথবা সমতুল কোনও বিষয়ে গবেষণা করতে পারেন। একইসঙ্গে তাঁরা অ্যাসিস্ট্যান্ট প্রফেসর হিসেবেও কাজ করার যোগ্যতা অর্জন করবেন।

বয়স: জুনিয়র রিসার্চ ফেলোশিপের জন্য বয়স ১-৭-২০২১ তারিখে ২৮ বছরের মধ্যে হতে হবে। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গভুক্ত প্রার্থীরা ৫ বছর এবং ও বি সিরা ৩ বছরের বয়সের ছাড় পাবেন। অ্যাসিস্ট্যান্ট প্রফেসরের জন্য বয়সের কোনও উর্ধ্বসীমা নেই।

একজন প্রার্থী একই সঙ্গে জুনিয়র রিসার্চ ফেলোশিপ (জে আর এফ) এবং লেকচারশিপের (এল এস) পরীক্ষায় বসার জন্য আবেদন করতে পারেন। অধিক বয়সের জন্য জে আর এফ-এ যোগ্য বিবেচিত না হলে প্রার্থী স্বাভাবিক ভাবেই লেকচারশিপের জন্য পরীক্ষায় বসতে পারবেন।

**ফেলোশিপের পরিমাণ:** জুনিয়র রিসার্চ ফেলোর ক্ষেত্রে প্রতি মাসে ৩১,০০০ টাকা, সঙ্গে বইয়ের খরচ বাবদ প্রতি বছর দেওয়া হবে ২০,০০০ টাকা। সিনিয়র রিসার্চ ফেলোর ক্ষেত্রে প্রতি মাসে ৩৫,০০০ টাকা।

**পরীক্ষার ধরনধারণ:** তিন পার্টে কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা হবে আলাদা আলাদা সেশনে, একই দিনে। সব পেপারেই অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। মোট নম্বর ২০০। পরীক্ষার মোট সময়সীমা ৩ ঘণ্টা। উভয় পেপারের পরীক্ষা নেওয়া হবে দু'টি শিফটে। পরীক্ষার দিন ও শিফট জানা যাবে অ্যাডমিট কার্ড ডাউনলোডের সময়।

পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্রগুলি হল: আসানসোল (ডব্লু বি ০১), বর্ধমান (ডব্লু বি ০২), দুর্গাপুর (ডব্লু বি ০৪), হুগলি (ডব্লু বি ০৬), হাওড়া (ডব্লু বি ০৭), কল্যাণী (ডব্লু বি ০৮), শিলিগুড়ি (ডব্লু বি ১১) ও কলকাতা (ডব্লু বি ১০)।

**কীভাবে আবেদন করবেন:** অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://csirnet.nta.nic.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১০ অগস্ট। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণ করার সময় প্রার্থীর স্ক্যান করা ফটো (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ১০ থেকে ২০০ কেবি সাইজের মধ্যে) ও সই (জে পি জি ফর্ম্যাটে ৪ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে), তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী এবং আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট (প্রতিটি ৫০ থেকে ৩০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

পরীক্ষার ফি সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে ১,০০০ টাকা, তফসিলি এবং তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে ২৫০ টাকা, ও বি সি প্রার্থীদের ক্ষেত্রে ৫০০ টাকা। দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না। ফি জমা দেওয়া যাবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড, ইউ পি আই অথবা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করার পর কনফার্মেশন পেজের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# জিপমারে ১৩৭ চাকরি

নার্সিং অফিসার এবং এক্স-রে টেকনিশিয়ান পদে ১৩৭ জনকে নেবে পুদুচেরির জওহরলাল ইনস্টিটিউট অব পোস্ট-গ্র্যাজুয়েট মেডিক্যাল এডুকেশন অ্যান্ড রিসার্চ (জিপমার)। এটি কেন্দ্রের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের অধীনস্থ একটি প্রতিষ্ঠান। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: Admn-I/DR/1(2)/2022.

**শূন্যপদের বিবরণ: পোস্ট কোড ২১২০২২: নার্সিং অফিসার:** ১২৮টি (সাধারণ ৬৫, তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ১৩, ও বি সি ২৪, আর্থিক ভাবে অনগ্রসর ১৬)। মোট শূন্যপদের ৮০ শতাংশ মহিলা প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। এর মধ্যে ৮টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য সংরক্ষিত হবে।

শিক্ষাগত যোগ্যতা: নার্সিংয়ে অনার্স-সহ বি এসসি বা বি এসসি বা বি এসসি (পোস্ট-সার্টিফিকেট) বা পোস্ট-বেসিক বি এসসি পাশ। অথবা জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা। এর পাশাপাশি নার্স বা মিডওয়াইফ হিসেবে স্টেট বা ইন্ডিয়ান নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে উপরোক্ত যোগ্যতার পাশাপাশি অন্তত ৫০ শয্যাবিশিষ্ট স্বাস্থ্য-প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। বেতন: ৪৪,৯০০ টাকা।

**পোস্ট কোড ২২২০২২: এক্স-রে টেকনিশিয়ান (রেডিওথেরাপি):** ৩টি (তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: রেডিয়েশন টেকনোলজি বা রেডিওথেরাপি টেকনোলজিতে বি এসসি। এর পাশাপাশি কেন্দ্রীয় সরকারের অধীনস্থ অ্যাটমিক এনার্জি রেগুলেটরি বোর্ড থেকে ই-লাইসেন্সিং অব রেডিয়েশন অ্যাপ্লিকেশনস রেজিস্ট্রেশন থাকতে হবে এবং কোনও সংস্থায় রেডিওথেরাপি ইকুপমেন্ট চালনার কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতন: ৩৫,৪০০ টাকা।

**পোস্ট কোড ২৩২০২২: এক্স-রে টেকনিশিয়ান (রেডিও-ডায়াগনসিস):** ৬টি (তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ২, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। শিক্ষাগত যোগ্যতা: রেডিওগ্রাফি বা মেডিক্যাল ইমেজিং টেকনোলজিতে বি এসসি, সঙ্গে কোনও স্বাস্থ্য পরিষেবা প্রদানকারী সংস্থা বা হাসপাতাল বা ইমেজিং সেন্টারে রেডিও-ডায়াগনসিস ইকুপমেন্ট চালনার কাজে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

বয়স: ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতন: ৩৫,৪০০ টাকা।

সব ক্ষেত্রেই ১১-৮-২০২২ তারিখে প্রার্থীর নির্দিষ্ট বয়স থাকতে হবে।

তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে একটি কম্পিউটারভিত্তিক পরীক্ষার মাধ্যমে। নার্সিং অফিসার পদের ক্ষেত্রে অতিরিক্ত স্কিল টেস্ট নেওয়া হবে। ৪০০ নম্বরের কম্পিউটারভিত্তিক পরীক্ষায় মাল্টিপল চয়েস ধরনের প্রশ্ন থাকবে সংশ্লিষ্ট বিষয়, জেনারেল নলেজ, জেনারেল ইন্টেলিজেন্স, জেনারেল ইংলিশ ও জেনারেল ম্যাথমেটিক্স বিষয়ে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.jipmer.edu.in দরখাস্তের শেষ তারিখ ১১ অগস্ট। দরখাস্তের সময় প্রার্থীর রঙিন পাসপোর্ট মাপের ফটো (হালকা রঙের ব্যাকগ্রাউন্ডে তোলা, ১০ থেকে ৮০ কেবি সাইজের মধ্যে) ও সই (৮০ কেবি সাইজের মধ্যে), প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট এবং ও বি সি সার্টিফিকেট, দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট, আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট, কাজের অভিজ্ঞতার সার্টিফিকেট স্ক্যান করে আপলোড করতে হবে। ফটো তোলার সময় একটি প্ল্যাকার্ডে প্রার্থীর নাম ও সেদিনের তারিখ লিখে প্ল্যাকার্ডটিকে সামনে ধরে ছবি তুলতে হবে।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ১,৫০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ১,২০০ টাকা)। দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না। ফি জমা দেওয়া যাবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

অনলাইনে দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিট করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। প্রিন্ট আউটগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# দিল্লির কলেজে সহ-অধ্যাপক

অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদে ৮৩ জনকে নেবে দিল্লির পান্নালাল গিরধরলাল দয়ানন্দ অ্যাংলো-বেদিক কলেজ। এটি দিল্লি বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ একটি প্রতিষ্ঠান। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: PGDAV(M)/Teaching/2022/01.

বিষয় অনুসারে শূন্যপদ: কমার্স ১৪টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ওবিসি ৫, দৈহিক প্রতিবন্ধী ১), কম্পিউটার সায়েন্স ৫টি (সাধারণ ১, ওবিসি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১, দৈহিক প্রতিবন্ধী ১), ইকনমিক্স ৭টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, দৈহিক প্রতিবন্ধী ১), ইংলিশ ৯টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ৩, দৈহিক প্রতিবন্ধী ১), হিন্দি ৯টি (সাধারণ ৩, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ওবিসি ২), হিস্ট্রি ৫টি (সাধারণ ২, তফসিলি উপজাতি ১, আর্থিক ভাবে অনগ্রসর ২), ম্যাথমেটিক্স ১১টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ওবিসি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১), পলিটিক্যাল সায়েন্স ১২টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ২), সংস্কৃত ৭টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১), স্ট্যাটিস্টিক্স ৪টি (তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ২)।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি, সঙ্গে নেট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। ইউ জি সি রেগুলেশনস ২০০৯ ও ২০১৬ অনুসারে যারা পি এইচ ডি সম্পূর্ণ করেছেন, তাঁরা নেট পরীক্ষা না দিয়ে থাকলেও আবেদন করতে পারবেন।

তফসিলি, ওবিসি, দৈহিক প্রতিবন্ধী প্রার্থী এবং যেসব পি এইচ ডি ডিগ্রিধারীরা ১৯৯১-এর ১৯ সেপ্টেম্বরের আগে স্নাতকোত্তর ডিগ্রি পেয়েছেন, তাঁরা সকলেই মোট নম্বরের ক্ষেত্রে ৫ শতাংশ ছাড় পাবেন।

বেতনক্রম: ৫৭,৭০০-১,৮২,৪০০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://colrec.uod.ac.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৫ অগস্ট।

ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা। মহিলা, তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না। ফি জমা দেওয়া যাবে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিট করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

বিশদ তথ্যের জন্য আগ্রহীরা দেখুন এই ওয়েবসাইট: http://pgdavcollege.edu.in

# টেক্সটাইল মন্ত্রকে চাকরি

২৩ জন অ্যাটেন্ড্যান্ট ও জুনিয়র উইভার নেবে কেন্দ্রের বস্ত্র মন্ত্রক। প্রার্থীদের নিয়োগ করা হবে দেশের বিভিন্ন উইভার্স সার্ভিস সেন্টার এবং ইন্ডিয়ান ইনস্টিটিউট অব হ্যান্ডলুম টেকনোলজিতে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: WSC/DLH/Admn.1(3)/2022/01.

**শূন্যপদের বিবরণ: জুনিয়র উইভার:** ৭টি (সাধারণ ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)।

**শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। কোনও স্বীকৃত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ৮ বছরের অভিজ্ঞতা থাকা চাই। হ্যান্ডলুম টেকনোলজি বা হ্যান্ডলুম অ্যান্ড টেক্সটাইল টেকনোলজিতে ডিপ্লোমা বা হ্যান্ডলুম উইভিংয়ে ২ বছরের সার্টিফিকেট কোর্স করে থাকলে অগ্রাধিকার।

**বেতনক্রম:** ২৯,২০০-৯২,৩০০ টাকা।

**অ্যাটেন্ড্যান্ট (উইভিং):** ১৩টি (সাধারণ ৬, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)।

**শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা আই টি আই। সেই সঙ্গে কোনও স্বীকৃত প্রতিষ্ঠান থেকে টেক্সটাইল উইভিং বা ওয়ারপিংয়ে ডিপ্লোমা। কোনও স্বীকৃত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে অথবা উইভার্স সার্ভিস সেন্টার বা ইন্ডিয়ান ইনস্টিটিউট অব হ্যান্ডলুম টেকনোলজিতে উইভিং শাখায় অন্তত ৪ মাস মেয়াদের প্রশিক্ষণ-সহ ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বুক বাইন্ডিং, স্যাম্পল কাটিং ও বুকলেট তৈরির কাজ জানা থাকলে অগ্রাধিকার।

**বেতনক্রম:** ১৮,০০০-৫৬,৯০০ টাকা।

**অ্যাটেন্ড্যান্ট (প্রসেসিং):** ৩টি (সাধারণ ২, তফসিলি জাতি ১)।

**শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা আই টি আই। সেই সঙ্গে কোনও স্বীকৃত প্রতিষ্ঠান থেকে টেক্সটাইল ডায়িং বা প্রিন্টিং বা ফেব্রিক প্রিন্টিং বা স্ক্রিন প্রিন্টিংয়ে ডিপ্লোমা। কোনও স্বীকৃত ডায়িং বা প্রসেসিং হাউসে সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে অথবা উইভার্স সার্ভিস সেন্টার বা ইন্ডিয়ান ইনস্টিটিউট অব হ্যান্ডলুম টেকনোলজি থেকে ডায়িং অ্যান্ড প্রিন্টিংয়ে অন্তত ৪ মাস মেয়াদের প্রশিক্ষণ-সহ ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**বেতনক্রম:** ১৮,০০০-৫৬,৯০০ টাকা।

**বয়স:** সব ক্ষেত্রেই ৩০ বছরের মধ্যে হতে হবে।

**দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে।** আবেদনের বয়ান পাবেন এই ওয়েবসাইটে: www.handlooms.nic.in পূরণ করবেন যথাযথ ভাবে।

২৮ অগস্টের মধ্যে পূরণ করা দরখাস্ত প্রয়োজনীয় যাবতীয় নথিপত্র-সহ স্পিড পোস্ট বা রেজিস্টার্ড ডাকে পৌঁছতে হবে এই ঠিকানায়: Director, Weavers' Service Centre, B-2 Weavers Colony, Bharat Nagar, Delhi-110 052.

প্রার্থী বাছাই পদ্ধতি, দরখাস্তের পদ্ধতি-সহ খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## কবে কোন পরীক্ষা

**বিজ্ঞপ্তি নম্বর 01 of 2022 অনুসারে ওয়েস্ট বেঙ্গল মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন** পরিচালিত কলকাতা পুরসভায় জুনিয়র অ্যাসিস্ট্যান্ট পদে নিয়োগের লিখিত পরীক্ষা ২১ অগস্ট। পরীক্ষার অ্যাডমিট কার্ড ৫ অগস্ট থেকে ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে: www.mscwb.org

# গার্ডেন রিচ শিপবিল্ডার্সে ২৪৫

বিভিন্ন ক্যাটিগরিতে ২৪৫ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে গার্ডেন রিচ শিপবিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ার্স। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে ট্রেড অ্যাপ্রেন্টিস, গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস এবং টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস ক্যাটিগরিতে প্রার্থীদের বিভিন্ন ট্রেডে ট্রেনিং দেওয়া হবে। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড পাওয়া যাবে। এই ট্রেনিংয়ের বিজ্ঞপ্তি নম্বর: APP:01/22.

**ট্রেড অ্যাপ্রেন্টিস: এক্স-আই টি আই:** আসনসংখ্যা ১৬০টি। ট্রেডগুলি হল: ফিটার, ওয়েল্ডার (জি অ্যান্ড ই), ইলেকট্রিশিয়ান, মেশিনিস্ট, পাইপ ফিটার, কার্পেন্টার, ড্রাফ্টসম্যান (মেকানিক্যাল), প্রোগ্রামিং অ্যান্ড সিস্টেমস অ্যাডমিনিস্ট্রেশন অ্যাসিস্ট্যান্ট, ইলেকট্রনিক মেকানিক, পেইন্টার, মেকানিক (ডিজেল), ফিটার (স্ট্রাকচারাল), সেক্রেটারিয়াল অ্যাসিস্ট্যান্ট (ইংলিশ), মেকানিক মেশিন টুল মেইন্টেন্যান্স, ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেইন্টেন্যান্স, রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং মেকানিক। **শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট ট্রেডে এন সি ভি টি স্বীকৃত ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট। সেই সঙ্গে অল ইন্ডিয়া ট্রেড টেস্ট পাশ করে থাকতে হবে।

**ট্রেড অ্যাপ্রেন্টিস (ফ্রেশার):** আসনসংখ্যা: ৪০টি। ট্রেডগুলি হল: ফিটার, ওয়েল্ডার (জি অ্যান্ড ই), ইলেকট্রিশিয়ান, পাইপ ফিটার, মেশিনিস্ট। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল। আই টি আই কোর্স পাশ বা আই টি আই কোর্সের কোনও পরীক্ষায় বসেছেন যাঁরা, তাঁরা আবেদন করবেন না।

**গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস:** আসন-সংখ্যা: ১৬টি। ট্রেডগুলি হল: মেকানিক্যাল, ইলেকট্রিক্যাল, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি, সিভিল। **শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট বা সমতুল ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস:** আসন-সংখ্যা: ৩০টি। ট্রেডগুলি হল: মেকানিক্যাল, ইলেকট্রিক্যাল, ইলেকট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, সিভিল। **শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট বা সমতুল ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা।

অনলাইন আবেদন করতে পারেন এই দুই ওয়েবসাইটের যে-কোনও একটির মাধ্যমে: www.grse.in, http://jobapply.in/grse2022app অনলাইন আবেদনের শেষ তারিখ ৫ অগস্ট। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে।

শিক্ষাগত যোগ্যতা, প্রার্থী বাছাই পদ্ধতি, আবেদনের প্রক্রিয়া-সহ বিশদ তথ্য জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কী পড়বেন, কোথায় পড়বেন

## সিমেন্ট টেকনোলজির স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স

সিমেন্ট টেকনোলজির স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে ন্যাশনাল কাউন্সিল ফর সিমেন্টস অ্যান্ড বিল্ডিং মেটেরিয়ালস। কোর্সটি অল ইন্ডিয়া কাউন্সিল ফর টেকনিক্যাল এডুকেশন (এ আই সি টি ই) কর্তৃক স্বীকৃত। কোর্সের মেয়াদ ১ বছর। কোর্স শুরু হবে অক্টোবরে।

**শিক্ষাগত যোগ্যতা:** এম এসসি বা বি ই বা বি টেক। কেমিস্ট্রিতে এম এসসি করলে বা কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বা সিমেন্ট টেকনোলজিতে বি ই বা বি টেক পাশ করলে অগ্রাধিকার।

**কোর্স ফি:** ৯০,০০০ টাকা। স্পনসর্ড প্রার্থীদের ক্ষেত্রে ফি ৩,৭০,০০০ টাকা।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের ফর্ম ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.ncbindia.com ফর্মের নির্দিষ্ট স্থানে প্রার্থীর সম্প্রতি তোলা রঙিন পাসপোর্ট মাপের ফটো সেঁটে দেবেন।

ফি বাবদ অনলাইনে স্টেট ব্যাঙ্ক কালেক্টের মাধ্যমে দিতে হবে ৫০০ টাকা (সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীদের ক্ষেত্রে ১২৫ টাকা)। ফি দিয়ে পাওয়া রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে রাখবেন। এটি পাঠাতে হবে।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র ১৪ অগস্টের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: Centre for Continuing Education Services, National Council for Cement and Building Materials, 34 Km Stone, Delhi-Mathura Road (NH-2), Ballabgarh-121 004, Faridabad, Haryana, India.

এ ছাড়াও প্রয়োজনীয় নথিপত্রের স্ক্যান করা কপি-সহ পূরণ করা আবেদনপত্র ১৪ অগস্টের মধ্যে ই-মেল করতে হবে এই ঠিকানায়: cceb@ncbindia.com

খুঁটিনাটি তথ্যের জন্য আগ্রহী প্রার্থীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## রামকৃষ্ণ মিশনে বৃত্তিমূলক প্রশিক্ষণ



**নিজস্ব সংবাদদাতা:** ওয়েল্ডিং (আর্ক অ্যান্ড গ্যাস) এবং টিগ মিগ কোর্সে ভর্তি নিচ্ছে রামকৃষ্ণ মিশনের বেলুড় মঠের জনশিক্ষা মন্দির। প্রশিক্ষণ শেষে ওয়েস্ট বেঙ্গল স্টেট কাউন্সিলের সার্টিফিকেট প্রদান করা হবে। কোর্স শেষে যোগ্যতা অনুসারে কাজের সুযোগ আছে।

শিক্ষাগত যোগ্যতা: ন্যূনতম মাধ্যমিক। কোর্সের মেয়াদ: ৬ মাস। সপ্তাহে ৩ দিন ক্লাস— সকাল ১০টা থেকে দুপুর দেড়টা পর্যন্ত। কোর্স ফি: ৬,০০০ টাকা। যোগাযোগের নম্বর: ৭০০১৯-৯৩১২৫। ভর্তির সময় ফি বাবদ দিতে হবে ১,৫০০ টাকা। এ ছাড়া মাসিক ফি ২০০ টাকা। আগে এলে আগে সুযোগের ভিত্তিতে প্রার্থীদের ভর্তি নেওয়া হবে। ভর্তির আবেদনপত্র পাওয়া যাবে রামকৃষ্ণ মিশনের বেলুড় মঠের জনশিক্ষা মন্দিরের অফিসে। ভর্তির সময়ে সঙ্গে লাগবে: ২ কপি পাসপোর্ট মাপের রঙিন ফটো, আধার কার্ড, মাধ্যমিকের অ্যাডমিট কার্ড ও মার্কশিট এবং প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট সার্টিফিকেটের নকল। ভর্তির শেষ তারিখ জানানো হয়নি। দ্রুত আবেদন করুন। প্রয়োজনে ফোন করতে পারেন এই নম্বরে: (০৩৩)২৬৫৪-১১৪৫, ৭৪৭৮৪-৮৭৬৬৩।

## ফুড অ্যান্ড নিউট্রিশন এবং হিউম্যান ডেভেলপমেন্টের স্নাতক কোর্স

ফুড অ্যান্ড নিউট্রিশন এবং হিউম্যান ডেভেলপমেন্টের বি এসসি অনার্স কোর্সে ভর্তি নিচ্ছে কলকাতা বিশ্ববিদ্যালয়ের হোম সায়েন্স বিভাগ। শুধু মহিলারাই আবেদন করবেন।

**কোর্সের বিবরণ: বি এসসি অনার্স ইন ফুড অ্যান্ড নিউট্রিশন:** আসনসংখ্যা ৭১টি। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক পাশ। উচ্চমাধ্যমিকে অন্যতম বিষয় হিসেবে কেমিস্ট্রি পড়ে থাকতে হবে এবং ওই বিষয়ে অন্তত ৫৫ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

**বি এসসি অনার্স ইন হিউম্যান ডেভেলপমেন্ট:** আসনসংখ্যা ৬৫টি। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক পাশ। উচ্চমাধ্যমিকে অন্যতম বিষয় হিসেবে হোম ম্যানেজমেন্ট পড়ে থাকতে হবে।

উভয় কোর্সের ক্ষেত্রেই উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৪০ শতাংশ নম্বর থাকলেই তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীরা আবেদন করতে পারবেন।

২০১৭ সালের আগে উচ্চমাধ্যমিক পাশ করে থাকলে আবেদন করবেন না।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.caluniv-ucsta.net আবেদনের শেষ তারিখ ৫ অগস্ট।

আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিট করুন। পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.caluniv.ac.in


MANIPAL-TATA MEDICAL COLLEGE
JAMSHEDPUR
(A constituent unit of MAHE, Manipal)

Manipal Tata Medical College is all set commence its new batch of Allied Health Programs for the academic year 2022-23

ADMISSIONS 2022-23
NOW OPEN

- B.Sc. Cardiovascular Technology [CVT]
- B.Sc. Exercise and Sports Sciences [ESS]
- B.Sc. Health Information Management [HIM]
- B.Sc. Medical Imaging Technology [MIT]
- B.Sc. Medical Laboratory Technology [MLT]
- Bachelor of Optometry [B.Optom.]
- B.Sc. Renal Replacement Therapy and Dialysis Technology [RRT&DT]

ELIGIBILITY CRITERIA

Pass in 10+2 / A Level / IB / American 12th Grade or equivalent from a recognized Board.

| B.Optom, ESS | CVT, MIT, MLT, RRT&DT | HIM |
|---|---|---|
| Min. 50% aggregate marks or equivalent in Physics, Chemistry & Biology / Physics, Chemistry, & Maths | Min. 50% aggregate marks or equivalent in Physics, Chemistry & Biology | Min. 50% aggregate marks or equivalent in any stream |

SCHOLARSHIP OPPORTUNITY

- All candidates (Indian nationals) getting admission for Allied Health Programs are eligible for 20% course fee waiver as scholarships, provided they meet the eligibility criteria required at the time of admission
- Domicile candidates from Arunachal Pradesh, Assam, Jharkhand, Manipur, Meghalaya, Mizoram, Nagaland, Tripura and Sikkim are eligible for additional fee waiver of 15% as scholarships ie; total scholarship of 35%, only on the production of valid domicile certificate

For details, contact: Program Head +918252910871
Email: ahs.mtmc@manipal.edu Apply Online: https://apply.manipal.edu/



Follow Us @
mtmc_jsr ahsatmtmc ahs.manipal manipaltata ahs.mtmc@manipal.edu



LOVELY PROFESSIONAL UNIVERSITY
Transforming Education Transforming India

LPU RANKED 74th GLOBALLY
Times Higher Education Impact Rankings 2022

A Record Breaking Package of ₹3 Crore
LPU graduate working at Global MNC at the package of ₹3 Crore in Germany.
Making India Proud!



Yasir M. (B.Tech. CSE, Class of 2018)

431 LPU students selected at packages of ₹10-₹62.72 LAKH in 2021, 2022



Ayush Kumar B.Tech. (CSE) selected at a package of ₹49.4 Lakh paloalto



Sanjay Gandhi B.Tech. (CSE) selected at a package of ₹48 Lakh Google



₹62.72 Lakh Package Arjun B.Tech. Class of 2022



LPU B.Tech. passout placed at ₹64 Lakh Package Google India
Harekrishna Mahto Joining Google(Bangalore) Office in 2022

Scan QR code for all details of students placed at different packages

Top recruiters also selected thousands of LPU students at differential packages up to ₹10 Lakh in 2021, 22

cognizant 1410+ students | Capgemini 770+ students | 550+ students | wipro 450+ students | DXC TECHNOLOGY 250+ students

ADMISSION CLOSING SOON

LPUNEST 2022
Scholarships Scholarships of upto ₹5.7 Lakh on the basis of merit

Contact us: 01824-405565
KOLKATA Park Prime Hotel, Opp. State Bank of India, 226, Acharya Jagadish Chandra Road, Near Minto Park Ph: 6239211007 03 - 10 Aug.

LOVELY PROFESSIONAL UNIVERSITY (LPU)
Jalandhar-Delhi G.T. Road, Phagwara, Punjab
Contact us: 01824-405565 | Visit @ www.lpu.in
ThinkBIG Scan to Enquire Now


স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in